# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Chaitra 1, 1430 Bangla, March 15, 2024, Friday, No. 75, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina addressing at the National Jute Day program urges, to find diversified markets for jute. Adds, multi-purpose product of jute will open the door of possibilities in terms of export. (R. Today: 21)

Indian Prime Minister Narendra Modi has wished Liberal Democratic Party President Dr. Colonel (retd) Oli Ahmad Bir Vikram on his birthday. (Jago FM: 19)

AL GS says, efforts are being made to identify those involved with the market syndicate. Adds, it is also being investigated whether BNP has any link with the syndicate and hoarders. (VOA: 8)

Health Minister says none of the 32 people who were burnt in the gas cylinder explosion incident in Gazipur are safe. Adds, at least 16 of the admitted patients have 80 percent burns. (Jago FM: 20)

BNP leader Hafiz Ahmed says BNP is not a broken or depressed party. It is still country's most popular political party. Adds, Bangladesh is now a police state. People have no power or rights. (R. Today: 20)

Duty on dates has been reduced before Ramadan and prices have also been fixed later. But still the authorities are not able to control the dates market in the country. (BBC: 5)

The ship MV Abdullah, owned by a Bangladeshi company, anchored off the coast of Somalia two days after being captured by pirates. All 23 sailors of the ship have been taken hostage. (BBC: 6)

The British High Commission in Dhaka has informed that UK is providing another 73 crore 20 lakh taka as humanitarian aid for the Rohingya refugees in Bangladesh. (VOA: 8)

All the indices of stock markets in BD fell yesterday. Through this, the stock market fell for six consecutive working days. (Jago FM: 19)

An incident of stone pelting took place at Gouripur on Bijoy Express Gauripur train leaving from Jamalpur. The driver of the train was seriously injured in this incident. (R. Today: 21)

A teacher of human resource management department of Kazi Nazrul Islam University has been permanently suspended for sexual harassment. Head of the department has also been suspended temporarily. (R. Today: 20)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর,**
**বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ১, বাংলা ১৪৩০, মার্চ ১৫, ২০২৪, শুক্রবার, নং- ৭৫, ৫৪তম বছর**

# শিরোনাম

পাটের বহুমুখী বাজার খুঁজে বের করার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন রপ্তানির ক্ষেত্রে সম্ভাবনার দুয়ার খুলে দেবে পাটের বহুমুখী পণ্য। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় পাট দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। (রে. টুডে : ২১)

লিবারেল ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট ড. কর্নেল (অব.) অলি আহমদ বীর বিক্রমকে জন্মদিনের শুভেচ্ছা জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। (জাগো এফএম : ১৯)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, বাজার সিন্ডিকেটের সঙ্গে জড়িতদের চিহ্নিত করার চেষ্টা চলছে।আর, সিন্ডিকেট ও মজুতদারদের সঙ্গে বিএনপির কোনো যোগসূত্র আছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে। (ভোয়া : ৮)

গাজীপুরের কালিয়াকৈরে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণের ঘটনায় দগ্ধ ৩২ জনের কেউই শঙ্কামুক্ত নন বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। তিনি বলেন, ভর্তি রোগীদের অন্তত ১৬ জনের শতকরা ৮০% দগ্ধ। (জাগো এফএম : ২০)

বিএনপি নেতা হাফিজ উদ্দিন আহমেদ বলেছেন বিএনপি কোন বিধ্বস্ত বা হতাশাগ্রস্থ দল নয়। বরং এখনো দেশের সবচেয়ে জনপ্রিয় রাজনৈতিক দল হচ্ছে বিএনপি। তিনি বলেছেন বাংলাদেশ এখন পুলিশি রাষ্ট্র। এখানে জনগণের আর কোন ক্ষমতা বা অধিকার নেই। (রে. টুডে : ২০)

বাংলাদেশে এবারের রোজার আগেই ইফতারিতে অন্যতম জনপ্রিয় আইটেম খেজুরের শুল্ক কমানো হয়েছে এবং পরে দামও বেঁধে দেওয়া হয়েছে। কিন্তু তারপরও খেজুরের বাজারকে নিয়ন্ত্রণে আনতে পারছে না কর্তৃপক্ষ। (বিবিসি : ৫)

জলদস্যুদের কবলে পড়ার দুই দিন পর সোমালিয়া উপকূলে নোঙর করেছে বাংলাদেশি কোম্পানির মালিকানাধীন জাহাজ এমভি আব্দুল্লাহ। জাহাজটির ২৩ নাবিকের সবাইকে জিম্মি করে রাখা হয়েছে। (বিবিসি : ৬)

বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গা শরণার্থীদের মানবিক সহায়তা হিসেবে আরো ৫২ লাখ পাউন্ড (৭৩ কোটি ২০ লাখ টাকা) সহায়তা দিচ্ছে যুক্তরাজ্য। ঢাকায় অবস্থিত ব্রিটিশ হাইকমিশন এ তথ্য জানিয়েছে। (ভোয়া : ৮)

গতকাল দেশের শেয়ারবাজারে সব সূচক কমেছে। এর মধ্য দিয়ে টানা ছয় কার্যদিবস দরপতন হয়েছে শেয়ারবাজারে। (জাগো এফএম : ১৯ )

গৌরীপুরে জামালপুর থেকে ছেড়ে আসা বিজয় এক্সপ্রেস ট্রেনে পাথর ছোড়ার ঘটনা ঘটেছে। এ ঘটনায় গুরুতর আহত হয়েছেন ট্রেনের চালক । (রে. টুডে : ২১)

ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের যৌন হয়রানীর অভিযোগে মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগের এক শিক্ষককে স্থায়ী বরখাস্ত করা হয়েছে। একই সঙ্গে বিভাগীয় প্রধানকে সাময়িক দরখাস্ত করা হয়েছে। (রে. টুডে : ২০)

# বিবিসি

## ভারতে সিএএ কার্যকর করা নিয়ে যে ব্যাখ্যা দিলেন অমিত শাহ

“সংশোধিত নাগরিকত্ব আইন প্রত্যাহার করা হবে না। আমাদের দেশে ভারতীয় নাগরিকত্ব নিশ্চিত করার জন্য এটি আমাদের সার্বভৌম সিদ্ধান্ত। এর সঙ্গে কখনওই আপস করব না", এ কথা স্পষ্ট জানিয়ে দিয়েছেন ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। সংবাদ সংস্থা এএনআই-কে দেওয়া একটি সাক্ষাৎকারে একথা জানিয়েছেন তিনি। একই সঙ্গে জানিয়েছেন, সংশোধিত নাগরিকত্ব আইন বা সিএএ ‘মুসলমান বিরোধী নয়'। সংসদে পাশ হওয়ার প্রায় সাড়ে চার বছর পর সংশোধিত নাগরিকত্ব আইন বা সিটিজেনশিপ অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট (সিএএ) সোমবার কার্যকরী হয়েছে। তারপরই দেশের বিভিন্ন প্রান্ত থেকে বিভিন্ন প্রতিক্রিয়া পাওয়া গিয়েছে। কোথাও যেমন এই আইন কার্যকর হওয়ার সমর্থনে উদযাপনের আবহাওয়া দেখা গিয়েছে, তেমনই দেখা গিয়েছে বিরুদ্ধে প্রতিবাদ এবং বিক্ষোভও। এই নিয়ে অব্যাহত রয়েছে রাজনৈতিক চাপানউতোর। সিএএ-কে কেন্দ্র করে কংগ্রেস, তৃণমূল কংগ্রেস, বাম, আম আদমি পার্টি-সহ বিরোধীরা তোপ দেগেছে বিজেপি সরকারকে। নিজ নিজ রাজ্যে যে তারা এই আইন কার্যকর হতে দেবেন না, সে কথাও জানিয়ে দিয়েছেন এই বিরোধীরা। “একটা মানুষেরও অধিকার কেড়ে নিতে দেব না। আপনাদের বাংলা থেকে বিতাড়িত হতে দেব না” বলেছিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। তিনি অভিযোগ জানিয়েছিলেন ধর্মীয় মেরুকরণ করতে চাইছে বিজেপি। সংবাদ সংস্থা এএনআইকে সাক্ষাৎকারের সময় অমিত শাহ সরাসরি তার উত্তরে পাল্টা তোপ দেগেছেন। "আমি মমতাজিকে অনুরোধ করছি, রাজনীতি করার জন্য বেশ কয়েকটি অন্য প্ল্যাটফর্ম রয়েছে, তবে দয়া করে বাংলাদেশ থেকে আসা বাঙালি হিন্দুদের ক্ষতি করবেন না“, বলেছেন তিনি। মি. শাহ তোপ দেগেছেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল, কংগ্রেসের রাহুল গান্ধী, অল ইন্ডিয়া মজলিস-ই-ইত্তেহাদুল মুসলিমিন (এআইএমআইএম)-এর সভাপতি আসাদউদ্দিন ওয়াইসির বিরুদ্ধেও। বিরোধীদের নিশানায় রেখে বলেছেন, তারা ‘মিথ্যার রাজনীতি' করে। তবে নিশানায় বিরোধীরা হলেও সিএএ কার্যকর হওয়ার পর থেকেই এ নিয়ে যে বিতর্ক আর বিভ্রান্তি চলছে ভোটের আগে সেটা প্রশমিত করতে মি শাহের এটা আসলে ‘সাফাই' - এমনটাও মনে করেন অনেকে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর আশ্বাস নিশ্চিন্ত করতে পারেনি কবিয়াল মনোরঞ্জন সরকারকে, যিনি মতুয়াদের অধিকারের জন্য আন্দোলন করেছেন। “যত সহজে নাগরিকত্ব পাওয়ার কথা বলা হচ্ছে তত সহজে কেউ নাগরিকত্ব পাবেন না। যারা এই আইন বিশ্লেষণ করে দেখেছেন তারা জানেন। সংশোধিত নাগরিকত্ব আইনের প্রভাব মানুষের জীবনে পড়তে বাধ্য। এবং সে কথা জানে বলেই স্বরাষ্ট্র মন্ত্রকের পক্ষ থেকে এতবার এত বিবৃতি দিতে হচ্ছে", বলছিলেন মি সরকার। একই সঙ্গে, এই আইন কার্যকর করার ‘টাইমিং' নিয়ে অমিত শাহের দেওয়া যুক্তি নিয়েও প্রশ্ন উঠেছে।

রাজনৈতিক বিশ্লেষকদের মতে আসন্ন নির্বাচনের কথা ভেবে, নির্বাচনী অঙ্ক মাথায় রেখেই এই ঘোষণা।তীব্র সমালোচনা বা বিক্ষোভের মুখোমুখি হলেও এই আইন যে কোনও মতেই প্রত্যাহার করা হবে না, সে কথা জানিয়েছেন অমিত শাহ। তার স্পষ্ট জবাব, "সিএএ কখনই প্রত্যাহার করা হবে না।” এই আইনকে কেন্দ্র করে বিজেপি সরকারকে প্রথম থেকেই তোপ দেগে এসেছে বিরোধীরা। এ বিষয়ে মি শাহ বলেন, "সিএএ বিজেপি এনেছে, নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার এনেছে। এটি বাতিল করা অসম্ভব। আমরা দেশজুড়ে সবাইকে সচেতন করব যাতে যারা এটি বাতিল করতে চায় তারা সুযোগ না পায়।” অন্যদিকে, সিএএ 'অসাংবিধানিক' বলে বিরোধীরা তীব্র আক্রমণ করে এসেছে। মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, “আইনজীবীদের মতামত নিয়েছি। তারাও আমায় বলেছে এটা সাধারণ মানুষের ওপর অত্যাচার করার জন্য হয়েছে। সংবিধানের ১৪ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী এটা অসাংবিধানিক এবং বৈষম্যমূলক। দু-তিনটে সিটে জেতার জন্য আপনাদের ভাঁওতা দিচ্ছে।” এএনআইকে দেওয়া সাক্ষাৎকারে কিন্তু এই অভিযোগ উড়িয়ে দিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেছেন, “এই আইন ১৪ অনুচ্ছেদ লঙ্ঘন করে না। এখানে একটি স্পষ্ট এবং যুক্তিসঙ্গত শ্রেণিবিন্যাস রয়েছে। দেশভাগের কারণে যারা আফগানিস্তান, পাকিস্তান ও বাংলাদেশে থেকে গিয়েছিলেন এবং ধর্মীয় নিপীড়নের শিকার হয়ে ভারতে আসার সিদ্ধান্ত নিয়েছিলেন, তাঁদের জন্য এই আইন", বলেছেন তিনি। সংশোধিত নাগরিকত্ব আইন মুসলমানদের বিরুদ্ধে বলেও অভিযোগ ছিল বিরোধীদের। জম্মু ও কাশ্মীর রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী মেহবুবা মুফতি বা অল ইন্ডিয়া মজলিস-ই-ইত্তেহাদুল মুসলিমিন-এর সভাপতি আসাদউদ্দিন ওয়াইসির কটাক্ষের জবাবে অমিত শাহ বলেন, “কোন যুক্তিতে এটা মুসলমান বিরোধী? সিএএ-এর মূল শর্ত হল ধর্মীয় নিপীড়ন। পাকিস্তান, আফগানিস্তান এবং বাংলাদেশ মুসলিম রাষ্ট্র। সেখানে মুসলমানরাই সংখ্যাগরিষ্ঠ। এই দেশগুলিতে যারা সংখ্যালঘু তাদের নাগরিকত্ব দেওয়ার কথা বলা হয়েছে। তাহলে কী ভাবে মুসলমান বিরোধী আইন বলা যেতে পারে? এর সঙ্গে এনআরসির কোনও যোগ নেই। এটা নাগরিকত্ব দেওয়ার আইন, ছিনিয়ে নেওয়ার নয়”, বলেন তিনি। মি শাহের যুক্তি অবশ্য মানতে নারাজ জম্মু ও কাশ্মীরের সাবেক মুখ্যমন্ত্রী ওমর আব্দুল্লাহ। তার কথায়, “এটা ভোটের কথা ভেবে ধর্মীয় মেরুকরণ। বিজেপি বরাবরই মুসলমানদের বিরুদ্ধে। সিএএ-এর ক্ষেত্রেও তাই হয়েছে।”

অন্য দিকে, তৃণমূলের রাজ্যসভার সাংসদ সামিরুল ইসলাম বলেন, “ভোটের আগে মানুষকে বিভ্রান্ত করতে চাইছে, তাই এইসব বলছে বিজেপি। ওরা ধর্মের নামে বিভাজন ছাড়া কিছু বোঝে না। বিজেপি শুধু মুসলমান বিরোধী নয়, মানুষ-বিরোধী। যদি নাগরিকত্ব দেওয়াই লক্ষ্য হয় তাহলে এমনিই দিয়ে দিতে পারে, তার জন্য আবেদন করতে হবে কেন? যেমন মতুয়াদের কথাই ভেবে দেখুন। তারা তো এখানেই আছেন বহু বছর ধরে। তারা তো এখানেই বাস করে

এসেছেন। আধারকার্ড আছে, ভোট দিচ্ছেন", বলছিলেন মি ইসলাম। বুধবার দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল সিএএ-র বিরোধিতা করে বলেছিলেন, এই আইন উল্লিখিত তিনটি দেশ থেকে সংখ্যালঘুদের ভারতে আসার ঘটনাকে উৎসাহ দেবে। চাকরি, বাসস্থান ইত্যাদিকে কেন্দ্র করে সমস্যা হবে। "এই আইনের মারফত বিজেপি বাংলাদেশ, পাকিস্তান থেকে সংখ্যালঘুদের আসার রাস্তা খুলে দিল। এইভাবে অনুপ্রবেশ চলতে থাকলে অপরাধ বাড়বে। চুরি, ডাকাতি ধর্ষণের মতো ঘটনাও বাড়বে". বলেছিলেন মি কেজরিওয়াল। তার এই মন্তব্যকে কেন্দ্র করে তীব্র বিতর্কের সৃষ্টি হয়। বৃহস্পতিবার তার বাড়ির কাছে উদ্বাস্তুদের প্রতিবাদ করতে দেখা যায়। তারা ওই মন্তব্যের জন্য দিল্লির মুখ্যমন্ত্রীর ক্ষমা চাওয়ার দাবিও করেন। তার সাক্ষাৎকারে মি কেজরিওয়ালের অভিযোগের জবাব দিয়েছিলেন মি শাহ। একই সঙ্গে পাল্টা অভিযোগও করেছিলেন। "উনি জানেন না, যে অভিবাসীদের কথা উনি বলছেন, তারা ইতিমধ্যে এই দেশে বসবাস করছেন। আমরা শুধুমাত্র তাদের আইনি নাগরিকত্ব দেওয়ার কথা বলছি। উনি কেন বাংলাদেশ থেকে আসা অবৈধ অনুপ্রবেশকারীদের কথা বলছেন না। রোহিঙ্গাদের বিরুদ্ধে কথা বলছেন না?" প্রশ্ন করেন অমিত শাহ। "দিল্লির মুখ্যমন্ত্রী ভোটের রাজনীতি করছেন। দেশভাগের কথা ভুলে গেছেন। শরণার্থী পরিবারগুলোর সঙ্গে ওর কথা বলা উচিত," বলেছেন তিনি। এর জবাব অবশ্য দিল্লির মুখ্যমন্ত্রী দিয়েছেন। তার পাল্টা যুক্তি, ২০১৪-এর পরে বিজেপি শাসনকালে রোহিঙ্গারা ভারতে এসেছে।

মি কেজরিওয়াল বলেছেন, "রোহিঙ্গারা ২০১৪-এর পরে আপনাদের সময়ে এসেছে। এটা আপনাদের বিফলতা নাকি যোগসাজশ? সিএএ চালু হলে সংখ্যালঘুরা দলে দলে ভারতে আসবে।" ভোটের আগেই যে সিএএ চালু করতে চায় বিজেপি এই বিষয়টা আগে থেকেই স্পষ্ট ছিল। একাধিক সভা থেকে এ বিষয়ে উল্লেখ করেছিলেন স্বয়ং অমিত শাহ। "টাইমিং এর কোনও গুরুত্ব নেই এখানে। বিজেপির ২০১৯ সালের ইস্তেহারে স্পষ্ট করে দিয়েছিল যে তারা সিএএ আনবে এবং শরণার্থীদের (পাকিস্তান, বাংলাদেশ এবং আফগানিস্তান থেকে) ভারতীয় নাগরিকত্ব দেবে", সাম্প্রতিক ওই সাক্ষাৎকারে বলেছেন তিনি। "বিজেপির একটি স্পষ্ট এজেন্ডা রয়েছে এবং সেই প্রতিশ্রুতি অনুসারে ২০১৯ সালে সংসদের উভয় কক্ষে নাগরিকত্ব (সংশোধনী) বিল পাস হয়েছিল। কোভিডের কারণে তা পিছিয়ে যায়। ভোটে জনাদেশ পাওয়ার আগেই বিজেপি তাদের এজেন্ডা পরিষ্কার করে ফেলেছিল", বলেছেন মি. শাহ।

তার যুক্তি, জম্মু-কাশ্মীরে ৩৭০ ধারা প্রত্যাহার, তিন তালাক-সহ যে যে বিষয়ে বিজেপি প্রতিশ্রুতি দিয়েছিল তা পূর্ণ করেছে। অন্যদিকে, কোভিডের কারণে এই আইন কার্যকর করতে পারেনি এই যুক্তি মানতে চাননি অনেকেই। তৃণমূল নেতা সামিরুল ইসলাম প্রশ্ন করেছেন, "ভারত কোভিড মুক্ত হয়েছে কবে? তা হলে এতদিন কেন লাগল এই আইন কার্যকর করতে? আর সময়টা ভোটের আগেই বা কেন বেছে নেওয়া হল?" এখন প্রশ্ন উঠছে তবে সত্যিই কী সময়ের (টাইমিং) কোনও ভূমিকাই কি নেই এই ঘোষণার পিছনে? রাজনৈতিক বিশেষজ্ঞ এবং সাংবাদিক স্নিগ্ধেন্দু ভট্টাচার্য বলেন, "বিজেপি সিএএ সংক্রান্ত ইস্যু শেষ পর্যায়ের জন্য রেখে দিয়েছিল। কারণ এর যে প্রভাব পড়তে পারে সেটা মানুষ ভোটের আগে বুঝতে পারুক বিজেপি তা চায়নি।"এই আইনের আওতায় নাগরিকত্বের আবেদনের প্রক্রিয়া সম্পর্কে এখনও কিছু অস্পষ্টতা রয়ে গিয়েছে বলে অভিযোগ। বিশ্লেষকদের মতে নাগরিকত্ব পাওয়ার প্রক্রিয়া সহজ হবেনা। আবেদনের প্রক্রিয়া শুরু হলে এই সংক্রান্ত বিষয়গুলি একে একে প্রকাশ পাবে।

এদিকে ভারতে লোকসভা ভোট আসন্ন। কবিয়াল মনোরঞ্জন সরকার বলেন,"এই আইন যারা বিশ্লেষণ করেছেন তারা জানেন এখানে একাধিক অস্পষ্টতা রয়েছে। যারা ২০১৪ সালের আগে এসেছেন তাদের সকলের আধার কার্ড, ভোটার কার্ড আছে। আর আধার কার্ডের সঙ্গে প্যান কার্ড সংযোগ করার কারণে ব্যাঙ্কের তথ্য, স্কুল-কলেজের প্রশংসাপত্র, চাকরির বিষয়ে সব তথ্যই সরকারের কাছে আছে। তাহলে আবার কেন নাগরিকত্বের জন্য আবেদন করতে হবে? আর আবেদনের প্রক্রিয়াটা যেমন বলা হচ্ছে তেমন সহজ নয়। এটা তারা (বিজেপি) জানে। তাই বারে বারে বিবৃতি দিতে হয় তাদের", বলেন মি সরকার। তার আশঙ্কা শুধুমাত্র মতুয়া সম্প্রদায় নয়, সিএএ-র প্রভাব পড়বে অনেকের উপরে। "অনেকে বলছেন এতে ক্ষতিগ্রস্ত হবে মতুয়ারা। কিন্তু শুধু তারাই নয়। বাংলা ভাগের বলি যত মানুষ তারা সবাই এর ফলে ক্ষতিগ্রস্ত হবে। স্বরাষ্ট্র দফতরের নিয়ম মেনে যারা আবেদন করবেন তারা সবাই প্রভাবিত হবেন," বলেছেন মনোরঞ্জন সরকার। মূলত যে বিষয়গুলি নিয়ে প্রশ্ন থেকে যাচ্ছে তা ব্যাখ্যা করেছেন স্নিগ্ধেন্দু ভট্টাচার্য।

তিনি বলেন, "এই আইনের কয়েকটি বিষয় স্পষ্ট নয়। যদি নাগরিকত্বের জন্য আবেদন করার পর তা প্রত্যাখ্যান করা হয়, তা হলে তার বর্তমান অবস্থা ঠিক কী দাঁড়াল? কারণ তিনি ইতিমধ্যে জানিয়ে দিয়েছেন তিনি ভারতীয় নন।" অন্য একটি বিষয়ের কথাও বলেছেন মি ভট্টাচার্য। "ধরে নেওয়া যাক আমি ইতিমধ্যে আমার সমস্ত কিছু কাগজ-পত্র জমা দিয়ে নাগরিকত্বের জন্য আবেদন করেছি। অর্থাৎ এ পর্যন্ত আমার কাছে যে কাগজপত্র ছিল সেগুলো কিন্তু বেআইনি। অথচ আমি সেই কাগজ দেখিয়েই এতদিন সমস্ত সুযোগ সুবিধা পেয়েছি। সরকারি চাকরিও পেয়েছি। সেটার কী হবে? এ বিষয়ে আইনে স্পষ্টতা নেই। কেউ যদি আদালতে মামলা করেন যে একজন যোগ্য আবেদনকারীর বদলে ভুয়ো কাগজ দেখিয়ে আমি চাকরি পেয়েছি, তাহলে কী হবে? সরকার আমাকে পাসপোর্ট অ্যাক্টের হাত থেকে বাঁচাতে পারে কিন্তু আদালতে কী হবে? ভুয়ো কাগজ দেখিয়ে চাকরি পাওয়া আইনত অপরাধ", বলছিলেন তিনি। এই সমস্ত বিষয় নিয়ে কিন্তু একে একে প্রশ্ন উঠছে। "যত সময় যাবে এই আইনের কী কী প্রভাব, তা ধীরে ধীরে বেরিয়ে আসবে। সেটা

বিজেপি চায়নি। বিজেপি জানে যতদিনে এই বিষয়গুলো বেরিয়ে আসবে ততদিনে ভোট পেরিয়ে যাবে", বলছেন স্নিগ্ধেন্দু ভট্টাচার্য। (বিবিসি ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

**বাংলাদেশে এবারের রোজায় খেজুরের দাম এত বেশি কেন?**

বাংলাদেশে এবারের রোজার আগেই ইফতারিতে অন্যতম জনপ্রিয় আইটেম খেজুরের শুল্ক কমানো হয়েছে এবং পরে দামও বেঁধে দেওয়া হয়েছে। কিন্তু তারপরও খেজুরের বাজারকে নিয়ন্ত্রণে আনতে পারছে না কর্তৃপক্ষ। গত ৮ই ফেব্রুয়ারি খেজুরের আমদানি শুল্ক পঁচিশ শতাংশ থেকে কমিয়ে পনের শতাংশ করার পরও বাজারে যখন খেজুরের দাম বেড়েই চলছিল, তখন পরিস্থিতি সামলাতে রোজা শুরুর আগের দিন বহুল ব্যবহৃত দুই ধরনের খেজুরের দাম বেঁধে দিয়ে প্রজ্ঞাপন জারি করে বাণিজ্য মন্ত্রণালয়। ব্যবসায়ীরা বলছেন, আগে যেখানে শুল্ক ছিল না সেখানে অতি মাত্রায় শুল্ক আরোপ করতে গিয়েই আন্তর্জাতিক বাজারে খেজুরের দাম কম থাকা সত্ত্বেও বাংলাদেশের বাজারে খেজুরের দাম কয়েকগুণ বেড়ে গেছে। তাদের দাবি বাজারের সবচেয়ে কম দামি খেজুরেও প্রতি কেজিতে ৫২ টাকা কর নিচ্ছে সরকার, ফলে অন্য সব খরচ মিলিয়ে একশ' টাকার খেজুর হয়ে যাচ্ছে আড়াইশ' টাকা। বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটুও বলছেন, আগে ট্যাক্স-ফ্রি থাকলেও এবার ডলার বাইরে চলে যাওয়াসহ নানা কারণে এনবিআর শুল্ক আরোপ করেছে। "আমদানি মূল্য, ডলারের দাম এবং ট্যাক্স তিনটি মিলেই খেজুরের দাম এ অবস্থায় গেছে। আমরা মানুষকে স্বস্তি দিতে বেশি ব্যবহৃত হয় এমন দুই ধরনের খেজুরের দাম নির্ধারণ করে দিয়েছি," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

যদিও কোনও কোনও আমদানিকারক খেজুর এনেও পর্যাপ্ত পরিমাণে বাজারে ছাড়ছেন না বলেও অভিযোগ আছে, তবে ব্যবসায়ীরা এসব অভিযোগ মানতে রাজি নন। অভিযোগ উঠেছে যে অতিমাত্রায় শুল্কের পাশাপাশি রমজানে অতিরিক্ত চাহিদাকে পুঁজি করে ব্যবসায়ীদের অতি লাভের প্রবণতার কারণেই এবার খেজুরের দাম হু হু করে বেড়েছে। ব্যবসায়ীরা অবশ্য বলছেন অতি মাত্রায় শুল্ক নির্ধারণের কারণেই বাংলাদেশের বাজারে খেজুরের এত দাম। বছরের শুরু থেকেই বাজারে খেজুরের দাম বাড়তে থাকলে এ নিয়ে সমালোচনা শুরু হয়। এরপর গত মাসের শুরুতে সরকারের উচ্চ পর্যায় থেকে শুল্ক কমানোর নির্দেশনা পায় জাতীয় রাজস্ব বোর্ড বা এনবিআর। এর আগে খেজুরের ওপর খুব একটা শুল্ক ছিল না। ব্যবসায়ীরা বলছেন ২০২২ সালে এসে আমদানি নিয়ন্ত্রণের জন্য শুল্ক আরোপ করে সরকার। এতে আমদানি শুল্ক ২৫ শতাংশ, মূসক/ভ্যাট পনের শতাংশ, পাঁচ শতাংশ অগ্রিম আয়কর, পাঁচ শতাংশ অগ্রিম কর এবং তিন শতাংশ নিয়ন্ত্রণমূলক শুল্ক আরোপ করে সরকার। বাংলাদেশ ফ্রেশ ফ্রুটস ইম্পোর্টার্স এসোসিয়েশনের সভাপতি সিরাজুল ইসলাম বলছেন যে তাদের এক হাজার ডলারের খেজুরের জন্য এখন চার হাজার ডলার ট্যারিফ ভ্যালু দিতে হচ্ছে। পাশাপাশি বেড়েছে সংশ্লিষ্ট অন্য খরচগুলোও। "ফলে একশ টাকা দামের খেজুর এমনি চারশো টাকা হয়ে যাচ্ছে। এর সাথে পরিবহন ও বিপণন খরচসহ অন্য খরচ আছে। ৯০ টাকার ডলার এখন ১২২ টাকা। এসবই দাম আকাশচুম্বী হওয়ার কারণ," বিবিসি বাংলাকে বলছিলেন মি. ইসলাম।

রোজার এক মাস আগেই দাম বৃদ্ধির এমন পরিস্থিতি দেখে শুল্ক কমানোর নির্দেশনা পায় এনবিআর। এরপর গত ৮ই ফেব্রুয়ারি দশ শতাংশ শুল্ক কমায় এনবিআর। শুল্ক কমানোর পর গত ১০ই মার্চ পর্যন্ত এক মাসে দেশে খেজুর আমদানি হয়েছে ৩৮ হাজার টনের সামান্য বেশি। ব্যবসায়ীদের কাছ থেকে পাওয়া তথ্য অনুযায়ী এর অর্ধেকই হলো বস্তায় করে আনা খেজুর। আর এর এক চতুর্থাংশ হলো জাইদি খেজুর। মূলত এ দু'ধরনের খেজুরই বাংলাদেশে বেশি আমদানি হয় বলে জানিয়েছেন সিরাজুল ইসলাম। কিন্তু রোজার আগে এসব খেজুরের দাম বাড়তে থাকলে ১১ই মার্চ প্রজ্ঞাপন দিয়ে সাধারণ মানের খেজুর ১৫০-১৬৫ টাকা এবং জাইদি খেজুর ১৭০-১৮০ টাকা নির্ধারণ করে দেয় সরকার। যদিও বাজারে এ দামে খেজুর পাওয়া যায় না বলেই অভিযোগ ভোক্তাদের। বরং কিছু কিছু বাজারে এসব খেজুরই তিনশ-চারশো টাকা বিক্রির খবর পাওয়া যাচ্ছে। "আগে এসব মাঝারি মানের খেজুর ৮০-১৫০ টাকায় বিক্রি করতে পারতাম আমরা । এবার ১০০ টাকার খেজুরে শুল্কই হলো দেড়শ টাকা," বলছিলেন মি. ইসলাম।

চট্টগ্রামের খেজুর আমদানিকারক ফারুক ট্রেড ইন্টারন্যাশনালের কর্ণধার ফারুক আহমেদ বিবিসি বাংলাকে বলছেন, "আন্তর্জাতিক বাজারে কিন্তু দাম কম। বাংলাদেশে আসলেই অতি মাত্রায় শুল্ক দেওয়ার কারণে কয়েকগুণ দাম হয়ে যাচ্ছে।" তার দাবি খেজুর আমদানির সঙ্গে সংশ্লিষ্ট পিপি ব্যাগ, ড্রাই কন্টেইনার, হিমায়িত কন্টেইনার সব কিছুতে শুল্ক ৩/৪ শ গুণ বাড়ানো হয়েছে। রিটেইল প্যাকেটজাত কার্টন ছিল ২২ টাকার সামান্য কম। সেটি এখন ১৮০ টাকা। বাংলাদেশে খেজুর আসে মূলত ইরাক, সংযুক্ত আরব আমিরাত, তিউনিসিয়া ও আলজেরিয়া থেকে। এর মধ্যে সবচেয়ে বেশি ব্যবহৃত জাইদি খেজুর আমদানি করা হয় ইরাক থেকে। এছাড়া সৌদি আরব, মিশরসহ আরও কিছু দেশ থেকে অল্প পরিমাণে খেজুর আসে এদেশের বাজারে। বাংলাদেশের বাজারে দামি খেজুর অল্প বিক্রি হলেও সেগুলো আমদানি মূল্যের কয়েকগুণ দামে বিক্রির অভিযোগ আছে। সিরাজুল ইসলাম বলছেন সৌদি আরব থেকে বাংলাদেশে খেজুর আসার পরিমাণ খুব একটা বেশি নয়। তার কথায়, "সাধারণত উচ্চমূল্যের খেজুরগুলো সেখান থেকে আসে। সহজলভ্য খেজুরের জন্য আমাদের পছন্দ ইরাক। বিশেষ করে দাম কম হওয়ায় জাইদি খেজুর সেখান থেকেই আনে ব্যবসায়ীরা।" দেশের বাজারে ২০-২৫ ধরনের খেজুর পাওয়া যায়। এর মধ্যে বস্তায় করে আসা খোলা খেজুর যেমন ২০০-৩০০ টাকা কেজিতে পাওয়া যায়, তেমনি আবার উচ্চমূল্যের খেজুরের মধ্যে আজওয়ার কেজি দু' হাজার টাকার বেশি। যদিও এসব

খেজুরের কেজি প্রতি আমদানি মূল্য পাঁচশ টাকার মধ্যেই। কর ও পরিবহন খরচ মিলে এর খুচরা মূল্য ৮০০-৯০০ টাকার মধ্যে হওয়ায় কথা থাকলেও বাজারে কেন এটি দ্বিগুণেরও বেশি দাম দিয়ে কিনতে হচ্ছে ক্রেতাদের, তার কোনও জবাব পাওয়া যায় না। এছাড়া দামি খেজুরের মধ্যে মরিয়ম ও মেডজুল বাংলাদেশের মধ্যবিত্ত ক্রেতাদের কাছে কিছুটা জনপ্রিয়। তবে গত এক মাসে এ ধরনের খেজুর এসেছে আড়াইশ টনেরও কম। বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু বলছেন এনবিআর শুল্কের জন্য কয়েকটা স্ল্যাব করে দিয়েছে। এখন ব্যবসায়ীরা যেই দামেই আমদানি করুক না কেন এই কয়েকটি স্ল্যাবের মধ্যে ফেলে শুল্ক নেওয়া হচ্ছে। "এখানেই ব্যবসায়ীদের আপত্তি। আমরা ব্যবসায় কোনও হস্তক্ষেপ করছি না। তবে জনজীবনে স্বস্তি আনতে যৌক্তিক দাম নির্ধারণে উৎসাহিত করছি। সেজন্যই দু'ধরনের খেজুরের দাম নির্ধারণ করা হয়েছে," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। জানা গেছে মূলত প্যাকেটজাত, কার্টন, বস্তায় ভরা শুকনো ও ভেজা - এই চার ক্যাটাগরিতে রেখে খেজুরের শুল্ক নির্ধারণ করা হয়। আরব বিশ্ব এবং এর বাইরে মুসলিম সংখ্যাগরিষ্ঠ মানুষের দেশগুলোতে রোজার সময় খেজুরের চাহিদা বেশ বেড়ে যায়। বিশ্বের একশরও বেশি দেশে খেজুর রপ্তানি করে সৌদি আরব। আবার সেখানে উৎপাদিত খেজুরের প্রায় অর্ধেক খেজুর ব্যবহার হয় রমজান মাসেই। তবে সাধারণ মানুষ বেশি ক্রয় করেন জাইদি খেজুর, যার বড় রপ্তানিকারক দেশ হলো ইরাক। এর বাইরে আলজেরিয়া ও তিউনিসিয়া থেকে বাংলাদেশ, পাকিস্তান কিংবা এ ধরনের দেশগুলোতে বেশি খেজুর আমদানি হয়। তবে উচ্চমূল্যের খেজুরের জন্য সৌদি আরবসহ অল্প কয়েকটি আরব দেশ সুপরিচিত বলে ব্যবসায়ীরা জানিয়েছেন। (বিবিসি ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

## সোমালিয়ার উপকূলে নোঙর করেছে জলদস্যুদের কবলে থাকা বাংলাদেশি জাহাজটি

জলদস্যুদের কবলে পড়ার দুই দিন পর সোমালিয়া উপকূলে নোঙর করেছে বাংলাদেশি কোম্পানির মালিকানাধীন জাহাজ এমভি আব্দুল্লাহ। বৃহস্পতিবার বেলা একটার দিকে জাহাজটি সোমালিয়া উপকূলে পৌঁছায় বলে বিবিসি বাংলাকে নিশ্চিত করেছেন এটির মালিকানাধীন প্রতিষ্ঠান কেএসআরএম'র গণমাধ্যম উপদেষ্টা মিজানুল ইসলাম। "দুপুর একটার দিকে আমরা জানতে পেরেছি যে, জাহাজটি সোমালিয়া উপকূলে নোঙর করেছে। বিষয়টি আমরা নিশ্চিত হয়েছি," বিবিসি বাংলাকে বলেন মি. ইসলাম। জাহাজটি সোমালিয়ার গারাকাদ উপকূলে নোঙর করা হয়েছে। লন্ডন ও কুয়ালালামপুরভিত্তিক জলদস্যুতা পর্যবেক্ষণকারী প্রতিষ্ঠান 'ইন্টারন্যাশনাল মেরিটাইম ব্যুরো'র (আইএমবি) বরাত দিয়ে বিবিসি বাংলাকে এই তথ্য জানিয়েছে বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশন। সোমালি জলদস্যুদের পক্ষ থেকে এখন পর্যন্ত কোনো যোগাযোগ করা হয়নি বলে জাহাজের মালিকপক্ষ থেকে জানানো হয়েছে। ১৩ বছর আগে একই কোম্পানির আরও একটি জাহাজ অপহরণ করেছিল সোমালি জলদস্যুরা। এমভি জাহান মণি নামের ওই জাহাজে ২৫ জন নাবিক এবং তাদের একজনের স্ত্রী ছিলেন। অনেক দেনদরবার ও দরকষাকষি শেষে মোটা অঙ্কের মুক্তিপণ দিয়ে ১০০দিন পর তাদেরকে মুক্ত করে দেশে আনা হয়। সেই অভিজ্ঞতা থেকে ধারণা করা হচ্ছে যে, জলদস্যুরা এবারও বড় অঙ্কের মুক্তিপণ দাবি করতে পারে। সেজন্য প্রস্তুতিও গ্রহণ করছে জাহাজের মালিকপক্ষ। "নাবিকসহ জাহাজটি নিরাপদে উদ্ধার করে আনাই আমাদের লক্ষ্য। সেজন্য ইতোমধ্যেই আমরা তৃতীয় একটি পক্ষের সাথে যোগাযোগ শুরু করেছি যেন দস্যুরা যোগাযোগ করা মাত্রই আমরা দ্রুত ব্যবস্থা নিতে পারি," বিবিসি বাংলাকে বলেছেন কেএসআরএম'র গণমাধ্যম উপদেষ্টা। জিম্মি নাবিকরা সবাই সুস্থ আছেন বলে দাবি করেছে জাহাজের মালিকপক্ষ। "জাহাজের সাথে আমরা ফের যোগাযোগ স্থাপন করতে পেরেছি। নাবিকরা সবাই এখন সুস্থ আছেন বলে আমাদের জানিয়েছেন," বিবিসি বাংলাকে বলেন মি. ইসলাম। এদিকে, নাবিকদের কেউ কেউ পরিবারের সাথেও যোগাযোগ করেছেন। "একদিন পর আজকে (বৃহস্পতিবার) ভোরে সেহরির পরে আমার ছেলের কাছ থেকে হোয়াটসঅ্যাপে একটি মেসেজ পেয়েছি," বিবিসি বাংলাকে বলেন জিম্মি নাবিক আতিকুল্লাহ খানের মা শাহানুর বেগম। মি. খান এমভি আব্দুল্লাহ'র চিফ অফিসার। জাহাজে জিম্মিদের সবাই সুস্থ আছেন বলে পরিবারকে জানিয়েছেন তিনি।

মঙ্গলবার বাংলাদেশ সময় দুপুর দেড়টার দিকে ভারত মহাসাগরে এমভি আব্দুল্লাহ জাহাজটি সোমালি জলদস্যুদের কবলে পড়ে। জাহাজটির ২৩ নাবিকের সবাইকে জিম্মি করে রাখা হয়েছে। এরপর সেদিন সন্ধ্যার দিকে খবরটি জানাজানি হয়। নাবিকদের কয়েকজন জাহাজটির মালিকানাধীন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে খবরটি জানান। এছাড়া হোয়াটসঅ্যাপের মাধ্যমে পরিবারের সাথেও যোগাযোগ করেন জিম্মিদের অনেকে। কিন্তু মঙ্গলবার সন্ধ্যার পর জলদস্যুরা সবার ফোন কেড়ে নেয়। ফলে বুধবার সারাদিন নাবিকদের কারো সাথেই যোগাযোগ করতে পারেননি পরিবার ও জাহাজের মালিকপক্ষ। প্রায় চল্লিশ ঘণ্টা পর বৃহস্পতিবার ভোরে ফের নাবিকদের সাথে যোগাযোগ স্থাপিত হয়েছে। তাহলে কি নাবিকদের সবার ফোন ফিরিয়ে দেওয়া হয়েছে? "সেটা মনে হয় না। অল্প সময়ের জন্য একটু যোগাযোগ করতে দিয়ে হয়তো আবার ফোন কেড়ে নিয়েছে। যার কারণে একবারই কোনোমতে একটা মেসেজ পাঠাতে পেরেছে," বিবিসি বাংলাকে বলেন শাহানুর বেগম। (বিবিসি ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

## নিরাপত্তার কোন গাফিলতিতে জলদস্যুদের কবলে পড়ল এমভি আবদুল্লাহ?

ভারত মহাসাগরে পূর্ব আফ্রিকা উপকূলের সমুদ্রপথটি বরাবরই ঝুঁকিপূর্ণ। তাই, ঐ উপকূল থেকে যথেষ্ট দূরত্ব বজায় রেখেই চলাচল করে সেই রুটের জাহাজগুলো। আফ্রিকার দেশ মোজাম্বিক থেকে মধ্যপ্রাচ্যের আবুধাবি আসার পথে ছিনতাই হওয়া বাংলাদেশি মালিকানাধীন জাহাজ এমভি আবদুল্লাহ-র রুটও ছিল তীর থেকে প্রায় সাড়ে চারশো

নটিক্যাল মাইল দূরে। সাধারণত এত দূরত্বে সোমালিয়ান জলদস্যুদের আক্রমণ 'সচরাচর দেখা যায় না' বলেই জানাচ্ছেন বিশেষজ্ঞরা। তাছাড়া, সেই সময় কাছাকাছি দূরত্বে আরও জাহাজ থাকা সত্ত্বেও এই জাহাজটিকেই কেন টার্গেট করা হল? আসলে যতই সময় যাচ্ছে, এই দস্যুতার ব্যাপারে বিস্তারিত তথ্য মিলছে। পাওয়া যাচ্ছে নানামাত্রিক বিশ্লেষণ। তারা কেন এই জাহাজটিকেই বেছে নিল এমন প্রশ্নে বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি ক্যাপ্টেন আনাম চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, "ওদের টার্গেট সিলেকশন দুর্বল জাহাজের ওপর। যে জাহাজটা দুর্বল সেটাকেই ওরা ধরে।" ঐ জাহাজটির গতি কম ছিল, পানি থেকে ডেকের দূরত্ব কম, এসব ব্যাপারে নিশ্চিত হয়েই দস্যুরা অগ্রসর হয়েছে বলে মন্তব্য করছেন তিনি। আরও অনেক জাহাজ ওই রুটে চলছিল। সেগুলোকে 'সেফগার্ড' দিয়ে নিয়ে যাওয়া হয়, সশস্ত্র রক্ষীরা থাকে। যা এই জাহাজে ছিল না। সাধারণত উপকূলের কাছাকাছি ঘটনাগুলো ঘটে উল্লেখ করে মি. চৌধুরী বলেন, "সে হিসেবে এটা রিস্ক জোনের বাইরেই ছিল।" যেখান থেকে ডাকাতি করে নিরাপদে ফিরে যাওয়া যায়, সাধারণত সেগুলোকেই লক্ষ্যবস্তু হিসেবে বেছে নেওয়া হয়। "এতো দূরে এমনটা হওয়া আনফরচুনেট", বলছিলেন একটি বাণিজ্যিক জাহাজের চিফ ইঞ্জিনিয়ার মোহাম্মদ ওবায়দুল গণি। মি. গণি বর্তমানে সৌদি আরব অভিমুখী একটি জাহাজে রয়েছেন। গভীর সমুদ্র থেকেই বিবিসি বাংলার সাথে কথা বলেন তিনি। মার্চেন্ট মেরিনার এসোসিয়েশনের সভাপতি জানাচ্ছেন, দেড় মাসে আগে একটি ইরানি মাছধরা নৌযান জব্দ করেছিল জলদস্যুদের ঐ দলটি। এরপর থেকে তারা সেটাকে একটা 'কমান্ড সেন্টার' হিসেবে ব্যবহার করে আসছে। জানুয়ারিতে এমন আরেকটি ইরানি যানের জিম্মি ক্রুদের উদ্ধার করেছিল ভারতীয় নৌবাহিনী। সমুদ্রে চলাচলকারী সব নৌযানেই অটোমেটিক ইনফরমেশন সার্ভিস (এআইএস) নামে একটি প্রযুক্তি ব্যবহার করা হয়। এতে একটি ছোট ডিভাইসের মাধ্যমে ৫০ নটিক্যাল মাইল দূরত্বের মধ্যে থাকা সব নৌযানের নাম, গন্তব্য, গতি ইত্যাদি তথ্য জানা যায়।

জলদস্যুরা এই ইরানি ফিশিং বোটে থাকা এই প্রযুক্তির সহায়তা নিয়েই এম ভি আবদুল্লাহ'র গতিপ্রকৃতি সম্পর্কে ওয়াকিবহাল হয়েছে বলে ধারণা ক্যাপ্টেন আনাম চৌধুরীর। আর ওবায়দুল গণি মনে করেন, মাছ ধরা নৌযান ভেবেই হয়তো কাছাকাছি আসার পরও সন্দেহ জাগেনি আবদুল্লাহর নাবিকদের মনে। তবে, সোমালিয়া উপকূল থেকে বেশি দূরত্বে আক্রান্ত হওয়ার ঘটনা আগেও ঘটেছে। ২০১০ সালে তেমনই এক ঘটনার শিকার হয়েছিল একই কোম্পানির জাহাজ এমভি জাহান মনি। জাহান মনিকে দস্যুরা জব্দ করেছিল নিজেদের সৈকত থেকে ১৪ শ' নটিক্যাল মাইল দূর থেকে। সাগরের এক নটিক্যাল মাইল স্থলপথে ১.৮৫ কিলোমিটারের সমতুল্য। লোহিত সাগর, গালফ অফ এডেন, ভারত মহাসাগর ও আরব সাগরে দস্যুতা প্রতিরোধ এবং সামুদ্রিক নিরাপত্তা নিশ্চিতে কাজ করে যুক্তরাজ্য ভিত্তিক সংগঠন ইউনাইটেড কিংডম মেরিটাইম ট্রেড অপারেশনস্ বা ইউকেএমটিও। জাহাজ সুরক্ষা ব্যবস্থা নিয়ে তাদের বেশ কিছু নির্দেশনা রয়েছে। সেগুলোর মধ্যে দস্যুতা প্রতিরোধে উল্লেখযোগ্য হল :

কাঁটা তার বা রেজর ওয়্যার

ঠিকঠাকভাবে স্থাপন করতে পারলে এটাই এসব ক্ষেত্রে সবচেয়ে কার্যকর সুরক্ষা পদ্ধতি। ৭৩০ বা ৯৮০ মিলিমিটার ব্যাস রেখে চক্রাকারে ভালোমানের তার ব্যবহার করলে হাতে ব্যবহৃত কোনও সরঞ্জাম দিয়ে সেগুলো কাটা কারো পক্ষে কঠিন হবে। ডাবল রোল ব্যবহার করতে পারলে ভালো। এটি সম্ভব না হলে, জাহাজের কাঠামোর বাইরের দিকে একটি রাখার কথা বলা হয়েছে। কিন্তু, এমভি আবদুল্লাহ'র কোনো রেজর ওয়্যার ছিলো না। মোজাম্বিক অপেক্ষাকৃত দরিদ্র দেশ হওয়ায় সেখানে রেজর ওয়্যার পাওয়া যায় কিনা তা নিয়েও অবশ্য সন্দিহান ক্যাপ্টেন চৌধুরী।

সিটাডেল

সিটাডেলকে দুর্গ বললেও ভুল বলা হবে না। জাহাজ নির্মাণের সময়ই এমন একটা কক্ষ রাখা হয় যেখানে জলদস্যু বা অন্য কোনও সামরিক আক্রমণের মুখে ক্রুরা অবস্থান নিতে পারে। ভেতর থেকে দরজা আটকে দিলে সেটি একরকম অভেদ্য হয়ে যায়। মি. গণি জানান, সেখানে খাবার মজুদ থাকে, কমিউনিকেশনের জন্য স্যাটেলাইট ফোন থাকে। "সিটাডেল এমন জিনিস যে মর্টার শেল দিয়েও কেউ এর দরজা ভাঙতে পারবে না," বিবিসিকে বলছিলেন ক্যাপ্টেন আনাম চৌধুরী। তিনি বলেন, "সিটাডেলে যাওয়ার আগে টোটাল পাওয়ার অফ করে দিয়ে জাহাজকে স্টপ করতে হয়।" এমভি আবদুল্লাহ'র সদস্যদের বেশির ভাগই সেখানে অবস্থান নিয়েছিলেন। শুধু জাহাজের ব্রিজে মাস্টার এবং সেকেন্ড ইঞ্জিনিয়ার ছিলেন। আর নিচে ছিলেন একজন সেকেন্ড অফিসার। তাদের জিম্মি করে ফেলার পর বাকিরাও বের হয়ে আসতে বাধ্য হয়েছেন বলে জানাচ্ছেন এই সাবেক ক্যাপ্টেন।

চালনা-কৌশল

মাস্টার এবং অফিসারদের জাহাজের পরিচালনার 'ম্যানুভার' শিখে রাখা উচিত। ম্যানুভার হলো জাহাজকে দক্ষতার সাথে চক্রাকারে বা এলোপাতাড়ি চালানো। এতে চারপাশে প্রবল ঢেউ সৃষ্টি হয়। দস্যুদের নৌযান আর ভিড়তে পারে না। আক্রমণের মুখে সর্বোচ্চ গতিতে জাহাজ চালানোর পরামর্শও দেয়া হয়েছে। সম্ভাব্য সর্বোচ্চ গতির সঙ্গে ম্যানুভার বজায় রাখার চেষ্টা করা উচিত মাস্টারের। মি. আনাম চৌধুরীর ধারণা, ওই জাহাজের মাস্টার হয়তো শেষ পর্যন্ত ম্যানুভার করার চেষ্টা করছিলেন। কিন্তু ডাকাতরা যখন বোর্ড (আরোহণ) করে ফেলেছে, তখন আর পেরে ওঠেননি।

অস্ত্রধারী নিরাপত্তারক্ষী

ঝুঁকি বিবেচনায় প্রাইভেট মেরিটাইম সিকিউরিটি সংক্রান্ত নীতিমালা মেনে অস্ত্রধারী নিরাপত্তা রক্ষী নিয়োগ দেয়ার পরামর্শ দেয় ইউকেএমটিও। কিন্তু, জিম্মি জাহাজটিতে কোন আর্মড গার্ডস্ বা অস্ত্রধারী নিরাপত্তারক্ষী ছিলেন না। ক্যাপ্টেন আনাম চৌধুরী বলেন, "ভিডিও দেখে বোঝা যায় (দস্যুরা) সব মার্সেনারি, রিটায়ার্ড মিলিটারি পার্সোনাল। সবাই ট্রেইনড়, সিভিলিয়ান বা ছিঁচকে চোর নয়।" এমন বাস্তবতায় নিরস্ত্র ক্রু-রা আরও অসহায় হয়ে পড়েছিলেন।

ওয়াটার স্প্রে

ওয়াটার স্প্রে বা জল কামান ব্যবহার করেও অবৈধভাবে জাহাজে চড়ার যে কোনও প্রচেষ্টাকে ঠেকিয়ে দেওয়া যায়। পানির তীব্র বেগে কোনও ছোট নৌযানের কাছাকাছি থাকাই কঠিন হয়ে পড়ে। আরোহণ তো প্রায় অসম্ভব। কিন্তু, পেশাগত সূত্রে পাওয়া তথ্য থেকে মি. চৌধুরী ও মি. গণি উভয়েই নিশ্চিত করেছেন এমভি আবদুল্লাহতে তাও ছিলো না।

নজরদারি ও বাড়তি সতর্কতা

একটু উঁচু জায়গা থেকে সার্বিক তদারকি করা জরুরি। জাহাজের ব্রিজের (চালানোর স্থান) জন্য পর্যাপ্ত অ্যান্টি-গ্লেয়ার দূরবীন, থার্মাল ইমেজ অপটিক্স এবং নাইট ভিশন থাকার কথাও বলেছে ইউকেএমটিও। জাহাজের কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ স্থানগুলো ভালোভাবে নির্মিত ডামি রাখলে ক্রুর সংখ্যা বেশি মনে হয়। ব্রিজের দুপাশে অ্যান্টি-পাইরেসি মিরর বা আয়না লাগনো উচিত। এতে দস্যুদের গতিবিধি বোঝা সহজ হয়। জাহাজ সুরক্ষার সবচেয়ে কার্যকর পদ্ধতিই হলো এই নজরদারি। যদিও জলদস্যুদের হাতে ফিশিং ভেসেলের নিয়ন্ত্রণ থাকায় এমভি আবদুল্লাহর ক্রুদের বিভ্রান্ত হতে হয়েছিলো বলে ওবায়দুল গণির মত। (বিবিসি ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### রোহিঙ্গা শরণার্থীদের জন্য আরো ৫২ লাখ পাউন্ড সহায়তা দিচ্ছে যুক্তরাজ্য

বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গা শরণার্থীদের মানবিক সহায়তা হিসেবে আরো ৫২ লাখ পাউন্ড (৭৩ কোটি ২০ লাখ টাকা) সহায়তা দিচ্ছে যুক্তরাজ্য। বৃহস্পতিবার (১৪ মার্চ) ঢাকা অবস্থিত ব্রিটিশ হাইকমিশন এ তথ্য জানিয়েছে। বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক জানান, কক্সবাজারের শরণার্থী শিবিরে মানবিক প্রয়োজন মেটাতে নতুন এই সহায়তা দেয়া হচ্ছে। বুধবার (১৩ মার্চ) জেনেভায় 'জয়েন্ট রেসপন্স প্ল্যান' নামে বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের সহায়তার জন্য ২০২৪ সালের মানবিক আবেদনের উদ্বোধনী অনুষ্ঠানে এ ঘোষণা দেয় যুক্তরাজ্য। বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি), আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম) ও জাতিসংঘের শরণার্থী সংস্থা (ইউএনএইচসিআর) যৌথভাবে এই পরিকল্পনা বাস্তবায়ন করেছে। যুক্তরাজ্যের এই নতুন সহায়তা প্যাকেজের অধীনে কক্সবাজারে রোহিঙ্গা শরণার্থীদের জন্য খাদ্য ও রান্নার গ্যাস সরবরাহ করা হবে। বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক বলেন, "কক্সবাজারের শরণার্থী শিবিরে মানবিক প্রয়োজন মেটাতে এবং রোহিঙ্গাদের জন্য অত্যাবশ্যকীয় খাদ্য ও রান্নার গ্যাস সরবরাহের জন্য আমি ৫২ লাখ পাউন্ডের এই নতুন প্যাকেজ ঘোষণা করতে পেরে আনন্দিত। এই সংকটে ক্ষতিগ্রস্ত রোহিঙ্গা শরণার্থী ও স্থানীয় বাংলাদেশি জনগোষ্ঠীর পাশে রয়েছে যুক্তরাজ্য।আমরা রোহিঙ্গাদের আশ্রয় দেয়ার ক্ষেত্রে বাংলাদেশের সর্বোচ্চ প্রচেষ্টাকে স্বীকৃতি দিই এবং দীর্ঘমেয়াদি সমাধান খুঁজে বের করতে প্রতিশ্রুতিবদ্ধ;" যোগ করেন হাইকমিশনার সারাহ কুক। হাইকমিশনার জানান, ইতোমধ্যেই ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা দেয়েছে যুক্তরাজ্য। এই বছরের শেষের দিকে অতিরিক্ত সহায়তার ঘোষণা দেয়া হবে বলে জানান তিনি। যুক্তরাজ্যের এই নতুন সহায়তার আওতায়, ৩ লাখ ১১ হাজার ৬০০ রোহিঙ্গা শরণার্থীকে খাদ্য সরবরাহ করতে ডব্লিউএফপি'র জন্য ২৮ লাখ পাউন্ড দেয়া হবে। আর, ৪ লাখ ৮৯ হাজার ৮০০ রোহিঙ্গা শরণার্থীকে রান্নার গ্যাস সরবরাহের জন্য আইওএম ও ইউএনএইচসিআরকে দেয়া হবে ২৪ লাখ পাউন্ড। গত ২০১৭ সাল থেকে বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গা শরণার্থী ও সেখানকার স্থানীয় জনগোষ্ঠীর জন্য মানবিক সহায়তা দিয়ে আসছে যুক্তরাজ্য।

(ভোয়া ওয়েব পেজ : ১৪.০৩.২০২৪ এলিনা)

### মজুতদারদের সঙ্গে বিএনপির কোনো যোগসূত্র আছে কি না তা খতিয়ে দেখা হচ্ছে : ওবায়দুল কাদের

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, বাজার সিন্ডিকেটের সঙ্গে জড়িতদের চিহ্নিত করার চেষ্টা চলছে। আর, সিন্ডিকেট ও মজুতদারদের সঙ্গে বিএনপির কোনো যোগসূত্র আছে কি না তা খতিয়ে দেখা হচ্ছে। বৃহস্পতিবার (১৪ মার্চ) বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে এক মতবিনিময় সভায় এসব কথা বলেন ওবায়দুল কাদের। এই ধরনের সিন্ডিকেট সরকারকে অস্থিতিশীল করতে এবং নির্বাচিত সরকারের অগ্রগতি ব্যাহত করতে পারে বলে উদ্বেগ প্রকাশ করেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। দ্রব্যমূল্যের উর্ধ্বগতির বিষয়ে তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার দ্রব্যমূল্য সাধারণ মানুষের নাগালের মধ্যে নিয়ে আসার জন্য কাজ করে যাচ্ছে। ওবায়দুল কাদের তার সাম্প্রতিক সিঙ্গাপুর সফরের কথা উল্লেখ করে বলেন, সেখানে পণ্যের মূল্য উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। আমাদের দেশে মূল্য নিয়ন্ত্রণের চেষ্টা চলছে। সরকার নিষ্ক্রিয় নয়। সংকট মোকাবেলায় প্রধানমন্ত্রী সময় দিচ্ছেন। আমাদের কোনো অবহেলা নেই;" তিনি যোগ করেন। ওবায়দুল কাদের আরো বলেন, গ্যাস, জ্বালানি ও দ্রব্যমূল্যের বৃদ্ধির মুখে গোটা বিশ্ব। এই সংকট যুক্তরাষ্ট্র, ইউরোপ, অন্যান্য উন্নত দেশগুলোতেও চলছে। সোমালিয়ায়

বাংলাদেশি জাহাজ ছিনতাই ও ক্রুদের জিম্মি করার বিষয়ে ওবায়দুল কাদের আশ্বস্ত করেন যে তাদের মুক্তির জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় কাজ করছে। তিনি জানান, ক্রু সদস্যের বীমা কভারেজ রয়েছে এবং তাদের নিরাপদে প্রত্যাবর্তন নিশ্চিত করার প্রচেষ্টা চলছে। ড. ইউনূসকে আদালত দোষী সাব্যস্ত করায় যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে নেতিবাচক প্রভাব পড়তে পারে কি না, এ প্রসঙ্গে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, "ডক্টর ইউনূস একজন ব্যক্তি। জানতে চাই তিনি যুক্তরাষ্ট্রের কে? তিনি বাংলাদেশের নাগরিক। বাংলাদেশের আইন আদালত আছে। যা সবার জন্য সমান। পাওনা না পাওয়ায় তার বিরুদ্ধে মামলা করেছেন শ্রমিকরা। আইন আদালত সব দেশের নিজস্ব ব্যাপার;" যোগ করেন ওবায়দুল কাদের। (ভোয়া ওয়েব পেজ : ১৪.০৩.২০২৪ এলিনা)

## সোমালিয়ার হাবিয়ো বন্দরে নোঙর করেছে জিম্মি জাহাজ এমভি আবদুল্লাহ

ভারত মহাসগরে ২৩ নাবিকসহ ছিনতাই হওয়া বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ সোমালিয়ার হাবিয়ো বন্দরে নোঙর করেছে। বৃহস্পতিবার (১৪ মার্চ) গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছেন নৌ-পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক কমোডর এম মাকসুদ আলম। বৃহস্পতিবার দুপুর ২টার আগে জাহাজটিকে নোঙর করে জলদস্যুরা। তবে এখনো পর্যন্ত দস্যুদের কেউ মালিকপক্ষের সঙ্গে যোগাযোগ করেনি এবং তাদের কোনো দাবি জানায়নি; জানান কমোডর এম মাকসুদ আলম। ধারণা করা হচ্ছে খুব শিগগিরই জলদস্যুরা বাংলাদেশের সঙ্গে যোগাযোগ করবে;" বলেন কমোডর এম মাকসুদ আলম। লন্ডন ও কুয়ালালামপুরভিত্তিক জলদস্যুদের পর্যবেক্ষণকারী সংস্থা ইন্টারন্যাশনাল মেরিটাইম ব্যুরো (আইএমবি) জানায়, বৃহস্পতিবার দুপুর দেড়টা নাগাদ, গ্যারাকাদ নোঙর এলাকা থেকে ২০ নটিক্যাল মাইল দূরে, জাহাজটিকে দস্যুরা নোঙর করে রেখেছে। মোজাম্বিক থেকে ৫০ হাজার টন কয়লা নিয়ে দুবাই যাওয়ার পথে মঙ্গলবার (১২ মার্চ) বেলা দেড়টায় জলদস্যুদের কবলে পড়ে এমভি আবদুল্লাহ। যুক্তরাজ্যের মেরিটাইম ট্রেড অপারেশনের তথ্য অনুযায়ী, জিম্মি করার সময় জাহাজটির অবস্থান ছিলো সোমালিয়ার রাজধানী মোগাদিসু থেকে ৬০০ নটিক্যাল মাইল পূর্বে ভারত মহাসাগরে। জাহাজটির মালিক কোম্পানি হলো, চট্টগ্রামের কবির গ্রুপের সহযোগী প্রতিষ্ঠান এস আর শিপিং লিমিটেড। তিন মাস আগে গ্রুপের বহরে যুক্ত হয় এমভি আবদুল্লাহ। ঝুঁকিপূর্ণ সমুদ্রপথে নিরাপত্তা নিশ্চিত করতে, অস্ত্রধারী নিরাপত্তারক্ষীসহ চলাচলের আন্তর্জাতিক নিয়ম রয়েছে। এমভি আবদুল্লাহ'র যাত্রাকালে সেই নিয়ম মানা হয়নি বলে অভিযোগ উঠেছে জিম্মি নাবিকদের পরিবারের পক্ষ থেকে। তারা বলছেন, এ কারণে বিনা বাধায় জাহাজটির নিয়ন্ত্রণ নেয় দস্যুরা। যার খেসারত দিতে হচ্ছে দেশের ২৩ নাবিককে। জাহাজের মালিক এসআর শিপিংয়ের মূল প্রতিষ্ঠান কেএসআরএম গ্রুপের মুখপাত্র মিজানুল ইসলাম বলেন, "আমরা জানতে পেরেছি আমাদের জাহাজ সোমালিয়ার একটি বন্দরে নোঙর করেছে। তবে এখনো কেউ কোনো দাবি জানায়নি। এদিকে, কেএসআরএম গ্রুপের মিডিয়া কনসালটেন্ট মিজানুল ইসলাম বুধবার সন্ধ্যায় জানিয়েছিলেন যে জাহাজে সব ক্রু সদস্য নিরাপদ ও সুস্থ আছেন। (ভোয়া ওয়েব পেজ : ১৪.০৩.২০২৪ এলিনা)

## গাজীপুরে গ্যাস সিলিন্ডারের আগুনে ৩৫ জন দগ্ধ, ১০ জনের অবস্থা আশঙ্কাজনক

বাংলাদেশের রাজধানী ঢাকার বেইলি রোডের অগ্নিকাণ্ডের রেশ কাটতে না কাটতেই, গাজীপুরের কালিয়াকৈরে বুধবার (১৩ মার্চ) গ্যাস সিলিন্ডার থেকে লাগা আগুনে নারী ও শিশুসহ অন্তত ৩৫ জন দগ্ধ হয়েছেন। এদের মধ্যে ১০ জনের অবস্থা আশঙ্কাজনক। গত ২৯ ফেব্রুয়ারি রাজধানী ঢাকার বেইলি রোডের গ্রিন কোজি কটেজ ভবনে ভয়াবহ অগ্নিকাণ্ডে ৪৬ জনের প্রাণহানি ঘটে। এই ঘটনার পর বিভিন্ন সরকারি সংস্থা ব্যাপক অভিযান শুরু করে এবং রেস্তোরাঁ শ্রমিকসহ বহু মানুষকে আটক করে। এই ঘটনা নিয়ে কয়েকটি রিট আবেদন হয়েছে উচ্চ আদালতে। স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন জানান, তাদের শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের বিভিন্ন ওয়ার্ডে চিকিৎসা দেয়া হচ্ছে। তাদের মধ্যে ১০ জনের অবস্থা আশঙ্কাজনক বলে জানান তিনি। দগ্ধদের মধ্যে অন্তত ১৩ জনের পরিচয় পাওয়া গেছে। তাদের মধ্যে রয়েছেন; সোলেমান (৭), সাদিয়া (১৮), সুফিয়া (৯), মিরাজ (১৩), তারেক (১৮), আরিফুল ইসলাম (৪০), মশিউর (২২), মান্নাফ (১৭), সুমন (২৫), ইয়াসিন (২১), শিল্পী (৩০), সাইদুল ইসলাম (৩০) ও গোলাম রাব্বি (১১)। ডা. সামন্ত লাল সেন জানান, ১০ জনের অবস্থা আশঙ্কাজনক। তাদের ৯০ থেকে ১০০ শতাংশ পুড়ে গেছে। শিশুসহ পাঁচ জনকে নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) এবং চার জনকে হাই ডিপেন্ডেন্সি ইউনিটে (এইচডিইউ) রাখা হয়েছে। স্থানীয় বাসিন্দারা জানান, জেলার কালিয়াকৈর উপজেলার মৌচাকের তেলিরচালা এলাকার একটি বাড়িতে সন্ধ্যা ৬টার দিকে রান্নার গ্যাস সিলিন্ডারে আগুন লাগে। বাড়ির লোকজন সেটি রাস্তায় ফেলে দিলে বিস্ফোরণ ঘটে। দগ্ধদের প্রথমে নিকটবর্তী হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে স্থানান্তর করা হয়। গাজীপুরে সিলিন্ডার বিস্ফোরণে দগ্ধ রোগীদের উন্নত চিকিৎসা সেবা নিয়ে শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের বোর্ড সভা করেছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। বৃহস্পতিবার (১৪ মার্চ) সকাল সাড়ে ৮টার দিকে এই বোর্ড সভা অনুষ্ঠিত হয়। সভায় ভর্তি রোগীদের শারীরিক অবস্থার বিস্তারিত তথ্য সম্পর্কে অবহিত হন স্বাস্থ্যমন্ত্রী। ডা. সামন্ত লাল সেন বলেন, দগ্ধ রোগীদের চিকিৎসা নিয়ে সার্বিক বিষয়ে খোঁজ নিচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং এই চিকিৎসার যাবতীয় ব্যয় তিনি নিজে বহন করবেন বলে জানানো হয়েছে। স্বাস্থ্যমন্ত্রী চিকিৎসকদের উদ্দেশ্যে বলেন, "সিলিন্ডার বিস্ফোরণে দগ্ধ রোগীদের শারীরিক কষ্ট অনেক। সকল রোগীকে নিজের পরিবারের সদস্যদের মতো করে চিন্তা করতে হবে। দগ্ধ রোগীদের অনেকের অবস্থা অত্যন্ত আশঙ্কাজনক বলে

জানান ডা. সামন্ত লাল সেন। বলেন, “আমরা কিছু রোগীকে হয়তো বাঁচাতে পারবো না। কিন্তু সকল রোগীর প্রতি শেষ মুহূর্ত পর্যন্ত আমাদের চেষ্টা অব্যাহত রাখতে হবে। সিলিন্ডার বিস্ফোরণে দগ্ধ মোট ৩২ জন এখন হাসপাতালে ভর্তি আছে বলে স্বাস্থ্যমন্ত্রীকে জানানো হয়। এই ৩২ জনের মধ্যে, ৫ জন রোগী আইসিইউ এবং ২ জন এইচডিইউ'তে ভর্তি রয়েছে। এদের মধ্যে ১০০ ভাগ দগ্ধ রোগী আছেন একজন, ৯৫ ভাগ দগ্ধ রোগী আছেন ৩ জন এবং ৫০ থেকে ১০০ ভাগ দগ্ধ রোগী আছেন ১৬ জন; জানানো হয় বোর্ড সভায়।

(ভোয়া ওয়েব পেজ : ১৪.০৩.২০২৪ এলিনা)

## নেপাল ও বাংলাদেশের সম্পর্ক বন্ধুত্বপূর্ণ ও বহুমুখী : নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারী

নেপাল ও বাংলাদেশের সম্পর্ক বন্ধুত্বপূর্ণ ও বহুমুখী বলে উল্লেখ করেছেন বাংলাদেশে নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারী। বৃহস্পতিবার (১৪ মার্চ) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত এক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন তিনি। যুক্তরাষ্ট্রের ফিড দ্যা ফিউচার ইনোভেশন ল্যাব ফর হর্টিকালচার এবং ইউনাইটেড স্টেটস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্টের (ইউএসএইড) অর্থায়নে এই কর্মশালা অনুষ্ঠিত হয়। নেপাল ও বাংলাদেশের মানুষের আশা, প্রত্যাশা, প্রতিকূলতা ও সম্ভাবনা একই রকম বলে উল্লেখ করেন রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারী । তিনি বলেন, “চমৎকার আন্তর্জাতিক সম্পর্ক ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে দুই দেশের মধ্যে শিল্প, বাণিজ্য, যোগাযোগ, শিক্ষা ও কৃষিতে আরো উন্নয়ন করা সম্ভব। বাংলাদেশ ও নেপালের আয়তন সমান হলেও, চাষাবাদের জমির পরিমাণে বিশাল পার্থক্য রয়েছে, জানান রাষ্ট্রদূত ভান্ডারী। “নেপালের অধিকাংশ অঞ্চল হিমালয় পর্বতভুক্ত হওয়ায় চাষাবাদ সেখানে খুবই কঠিন;” যোগ করেন তিনি। নেপালের প্রেক্ষাপটে শহর ও এর আশেপাশে ফল ও সবজি চাষের অবস্থা, সম্ভাবনা ও প্রতিকূলতা সম্পর্কে আলোচনা করেন রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারী। কর্মশালায় অধ্যাপক ড. মো. আনোয়ারুল আবেদীন জানান, জলবায়ু পরিবর্তনের কারণে প্রতি বছর জমির পরিমাণ কমে যাচ্ছে। তাই শহর ও এর আশেপাশের জায়গাগুলোতে ফল ও সবজি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ও নেপালে প্রকল্পটি পরিচালিত হচ্ছে। নারী ও যুব সমাজকে এই প্রকল্পের আওতায় এনে কর্মসংস্থান সৃষ্টি করার পাশাপাশি কম্পিউটার মডেলিংয়ের মাধ্যমে নতুন নতুন জায়গা এই প্রকল্প প্রতিষ্ঠা করা হবে;” জানান অধ্যাপক আনোয়ারুল আবেদীন। তিনি আরো জানান, নেপালের চারটি অঞ্চলে ও বাংলাদেশের তিনটি অঞ্চলে প্রকল্পটি চালু রয়েছে। বাংলাদেশে ২০২৩ সালের ১ মার্চ থেকে শুরু হয়েছে এই প্রকল্প। ঢাকা, ময়মনসিংহ ও খুলনা বিভাগে প্রকল্প চালু থাকবে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত। কর্মশালায় নেপালে প্রকল্পের অগ্রগতি তুলে ধরেন দেশটির এগ্রিকালচার অ্যান্ড ফরেস্ট্রি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কল্যাণী মিশ্র ত্রিপাঠী। (ভোয়া ওয়েব পেজ : ১৪.০৩.২০২৪ এলিনা)

## বাংলাদেশ নারী ফুটবল দলের খেলোয়াড় রাজিয়া সুলতানা মারা গেছেন

সন্তানর জন্ম দেয়ার পর, হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গেছেন বাংলাদেশের অনূর্ধ্ব-১৯ জাতীয় নারী ফুটবল দলের খেলোয়াড় রাজিয়া সুলতানা। বৃহস্পতিবার (১৪ মার্চ) ভোর ৪টার দিকে বাড়ি থেকে হাসপাতালে নেয়ার পথে তার মৃত্যু হয়। রাজিয়া সাতক্ষীরার কালিগঞ্জ উপজেলার লক্ষীনাথপুর গ্রামের মৃত নূরালী সরদারের মেয়ে। তিনি হৃদরোগে আক্রান্ত হয়েছিলেন বলে জানিয়েছেন কালিগঞ্জ উপজেলা হাসপাতালের চিকিৎসক ডা. গোলাম মোস্তফা। রাজিয়া সুলতানার ভাই মো. নজরুল ইসলাম সরদার জানান, গত বুধবার রাত ১০টার দিকে কালিগঞ্জের লক্ষীনাথপুরে বাবার বাড়িতে স্বাভাবিক প্রসব প্রক্রিয়ায় পুত্রসন্তানের জন্ম দেন রাজিয়া। পরে তার শরীর অসুস্থ হয়ে পড়লে বৃহস্পতিবার ভোর ৪টার দিকে কালিগঞ্জ উপজেলা হাসপাতালে নিয়ে যাওয়ার পথে তার মৃত্যু হয়;” বলেন নজরুল ইসলাম সরদার। রাজিয়ার সদ্যজাত পুত্র সন্তান সুস্থ আছে বলে জানান তিনি। নজরুল আরো জানান, উপাকুড় সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে বঙ্গমাতা ফজিলাতুন্নেছা ফুটবল টিমে খেলার সুবাদে রাজিয়ার পরিচিত হয়ে উঠেন। তিনি কুশুলিয়া কলেজিয়েট স্কুল থেকে নবম শ্রেণি পর্যন্ত পড়াশোনার পাশাপাশি ফুটবল খেলতেন। চট্টগ্রামের কাপ্তাই এলাকার পোশাক কারখানার কর্মকর্তা ইয়াম রহমানের সঙ্গে ২০২০ সালে রাজিয়ার বিয়ে হয়। নজরুল ইসলাম জানান, রাজিয়া সুলতানা পাঁচ ভাই-বোনের মধ্যে সবার ছোট। তিনি অনূর্ধ্ব-১৯ জাতীয় নারী ফুটবল দলের সদস্য ছিলেন। অনূর্ধ্ব-১৪ দলে খেলা শুরু করে দেশে ও দেশের বাইরে; ভারত, চীন, ভুটান, নেপাল, মালদ্বীপ, সিঙ্গাপুর, পাকিস্তান, তাজিকিস্তান ও ইরানসহ বিভিন্ন দেশে ফুটবল খেলে খ্যাতি অর্জন করেন রাজিয়া। বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর কাছ থেকে পুরস্কার নিয়েছেন তিনি। কালিগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. শাহীন নারী ফুটবলার রাজিয়া সুলতানার মৃত্যুর তথ্য নিশ্চিত করেছেন। কালীগঞ্জ উপজেলা চেয়ারম্যান সাইদ মেহেদি জানান, ফুটবলার রাজিয়া সুলতানা দরিদ্র পরিবারের মেয়ে। প্রাথমিক বিদ্যালয় থেকে ফুটবল প্রতিযোগিতায় সেরা খেলোয়াড় ছিলেন রাজিয়া। বিয়ের পর, গত এক বছর তিনি খেলার বাইরে ছিলেন বলে জানান উপজেলা চেয়ারম্যান। বৃহস্পতিবার আছরের নামাজের পর, বাড়ির পাশের মসজিদের মাঠে নামাজে জানাজা শেষে পারিবারিক কবরস্থানে রাজিয়ার মরদেহ দাফন করা হয়।

(ভোয়া ওয়েব পেজ : ১৪.০৩.২০২৪ এলিনা)

## কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেছেন জাপানের রাষ্ট্রদূত কিমিনোরি

বাংলাদেশের কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেছেন ঢাকায় নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনোরি। বৃহস্পতিবার (১৪ মার্চ) ক্যাম্প পরিদর্শনে যান তিনি। এ সময় রাষ্ট্রদূত একটি ই-ভাউচার আউটলেট, একটি জীবিকা

দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও উৎপাদন কেন্দ্র এবং কুতুপালংয়ের একটি শিক্ষা কেন্দ্র এবং ক্যাম্প-৪ পরিদর্শন করেন। রোহিঙ্গা ক্যাম্পের কার্যক্রম প্রত্যক্ষ করার পর রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনোরি বলেন, "কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্পে এটি আমার পঞ্চম সফর, এবং আমি আইএসসিজি, ডব্লিউএফপি, ইউএনএইচসিআর ও ইউনিসেফকে ধন্যবাদ জানাই; যারা এই সফরের আয়োজন করেছে।" তিনি আরো বলেন, এই সংকটের ছয় বছরের বেশি সময় পেরিয়ে গেছে। এর সমাধানে বিশ্ব সম্প্রদায়ের দৃষ্টি আকর্ষণ করা অপরিহার্য। রোহিঙ্গা সমস্যার সমাধানে জাপান কাজ চালিয়ে যাবে বলে জানান রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনোরি। রোহিঙ্গা শিবিরে খাদ্য সহায়তা, স্বাস্থ্যসেবা, আশ্রয়, সুরক্ষাসহ বিভিন্ন ধরনের সহায়তা দিয়ে আসছে জাপান। রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনকালে রাষ্ট্রদূতের সঙ্গে ছিলেন জাপানি অভিনেত্রী সাহেল রোজ। রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনোরি বলেন "সাহেল রোজও আমার সঙ্গে সফরে এসেছেন। আমি আশা করি তিনি ক্যাম্পে যা দেখেছেন তা জাপানের জনগণকে জানাবেন। শরণার্থী শিবিরগুলোতে প্রায় ১০ লাখ রোহিঙ্গা বসবাস করছে। ২০১৭ সালের আগস্টে ব্যাপক রোহিঙ্গা অনুপ্রবেশের পর থেকে, কক্সবাজারের পাশাপাশি ভাসান চরে আন্তর্জাতিক সংস্থা এবং এনজিওগুলোর মাধ্যমে ২২ কোটি ডলারের বেশি সহায়তা করেছে জাপান।

(ভোয়া ওয়েব পেজ : ১৪.০৩.২০২৪ এলিনা)

## রোহিঙ্গাদের বাংলাদেশে একীভূত করার সম্ভাবনা প্রত্যাখ্যান করেছেন পররাষ্ট্র সচিব মোমেন

রোহিঙ্গাদের বাংলাদেশে স্থায়ীভাবে বসবাস সম্পর্কিত সব ধরনের সম্ভাবনা প্রত্যাখ্যান করেছেন বাংলাদেশের পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন। গত ১৩ মার্চ জেনেভায় রোহিঙ্গাদের জন্য ২০২৪ জয়েন্ট রেসপন্স প্ল্যানের (জেআরপি) উদ্বোধনী অনুষ্ঠানে এ অভিমত দেন বাংলাদেশের পররাষ্ট্র সচিব। অনুষ্ঠানে তিনি রোহিঙ্গাদের তাদের মাতৃভূমি মিয়ানমারে নিরাপদ ও স্বেচ্ছায় প্রত্যাবাসন নিশ্চিত করতে ইউএনএইচসিআর ও আইওএমসহ সব মানবিক সহায়তা সংস্থাকে অনুরোধ করেন। আর, দীর্ঘ দিনের রোহিঙ্গা সমস্যার টেকসই সমাধানের বিষয়ে বাংলাদেশের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। পররাষ্ট্র সচিব মোমেন সতর্ক করে বলেন, রোহিঙ্গাদের মধ্যে মৌলবাদ ও চরমপন্থার ঝুঁকি থেকে উদ্ভূত হুমকি আঞ্চলিক স্থিতিশীলতা-কে ক্ষতিগ্রস্ত করতে পারে। ন্যায্যতার ভিত্তিতে বৃহত্তর আন্তর্জাতিক সম্প্রদায় দায়িত্ব নিয়ে নীতি বাস্তবায়ন না করলে, শুধু বাংলাদেশ, ইউএনএইচসিআর, আইওএম ও ডব্লিউএফপির পক্ষে রোহিঙ্গাদের মানবিক সাহায্য কার্যক্রম চালানো এবং সুরক্ষা দেয়া সম্ভব নয়;" উল্লেখ করেন বাংলাদেশের পররাষ্ট্র সচিব। ক্রমবর্ধমান তহবিল সংকট কাটিয়ে উঠার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়কে রোহিঙ্গাদের জন্য তাদের প্রতিশ্রুত অনুদান আরো বাড়ানোর আহবান জানান তিনি। পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন উল্লেখ করেন, বাংলাদেশের অর্থনীতি, পরিবেশ, নিরাপত্তা ও সামাজিক-রাজনৈতিক স্থিতিশীলতার ওপর এর গুরুতর প্রভাব রয়েছে। তা থাকা সত্ত্বেও বাংলাদেশ গত ছয় বছর ধরে ১১ লাখের বেশি রোহিঙ্গাকে মানবিক সহায়তা দিয়ে যাচ্ছে। বাংলাদেশ এই মানবিক সহায়তা কার্যক্রমে সর্ববৃহৎ দাতা দেশ এবং ২০২২ সালেই ১৬০ কোটি ডলার ব্যয় করেছে;" উল্লেখ করেন বাংলাদেশের পররাষ্ট্র সচিব। রোহিঙ্গা সমস্যা সমাধানে বাংলাদেশের ওপর চাপ কমাতে, বিকল্প পথ অনুসন্ধানের জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি অনুরোধ জানান তিনি। বলেন, রোহিঙ্গা শরণার্থী শিবিরে প্রতি বছর ৩০ হাজার নবজাতক জন্ম নিচ্ছে। রোহিঙ্গা জনগোষ্ঠীকে বাংলাদেশের জনগণের সঙ্গে একীভূত করার সম্ভাবনা নাকচ করে দেন পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন। রোহিঙ্গাদের নিজ দেশে প্রত্যাবর্তনের বিষয়ে ব্যবস্থা গ্রহণে ইউএনএইচসিআর এবং আইওএমসহ সকল মানবিক প্রতিষ্ঠানকে অনুরোধ করেন তিনি। এই বছর জেআরপিতে ১৯৫টি প্রকল্পের মাধ্যমে, রোহিঙ্গা ও আশ্রয়দানকারী স্থানীয় জনগোষ্ঠীকে মানবিক সহায়তা প্রদানের জন্য ৮৫ কোটি ডলারের বেশি তহবিল চাওয়া হয়েছে। জাতিসংঘ শরণার্থীবিষয়ক হাইকমিশনার ফিলিপ্পো গ্রান্ডি বলেন, মিয়ানমারে রোহিঙ্গাদের নিরাপদ, স্বেচ্ছায় ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসন হবে এই সংকটের টেকসই সমাধান। তিনি আন্তর্জাতিক সম্প্রদায়কে এ বিষয়ে কার্যকর ভূমিকা রাখার আহবান জানান। এছাড়াও, তিনি রোহিঙ্গা ও নিজ দেশের ক্ষতিগ্রস্ত জনগণের কল্যাণ নিশ্চিত করতে, বিশ্বব্যাংকের আইডিএ ক্রেডিট তহবিল থেকে অনুদান ও ঋণ গ্রহণে বাংলাদেশ সরকারের উদ্যোগের প্রশংসা করেন।

(ভোয়া ওয়েব পেজ : ১৪.০৩.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## গাজীপুরে সিলিন্ডার বিস্ফোরণে দগ্ধ কেউই শঙ্কামুক্ত নয় : স্বাস্থ্যমন্ত্রী

বাংলাদেশের গাজীপুরে সিলিন্ডার বিস্ফোরণে গুরুতর আহতদের কেউই শঙ্কামুক্ত নয় বলে জানিয়েছেন বাংলাদেশের স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। তিনি জানান, এখন পর্যন্ত ৩২ জন রোগী শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইন্সটিটিউটে ভর্তি হয়েছেন। এ সম্পর্কে বিস্তারিত জানিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতা :

গাজীপুরে সিলিন্ডার বিস্ফোরণে গুরুতর আহতদের কেউই শঙ্কামুক্ত নয় বলে জানিয়েছেন বাংলাদেশের স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। তিনি বলেছেন, গাজীপুরে সিলিন্ডার বিস্ফোরণে গুরুতর আহতদের অনেকেই এখানে এসেছেন। এখন পর্যন্ত ৩২ জন রোগী শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইন্সটিটিউটে চিকিৎসাধীন আছেন। ৩২ জনের কেউই শঙ্কামুক্ত নয়। স্বাস্থ্যমন্ত্রী বলেন, বৃহস্পতিবার সকালে ডাক্তারসহ একটা মেডিকেল বোর্ড বসেছিল। ৫০

ভাগের বেশি বার্নের রোগী আছে ১৬ জন। ৮০ ভাগের বেশি পুড়ে যাওয়া রোগী ১০ জনের বেশি। রোগীদের অবস্থা এতোটাই খারাপ যে সবারই শ্বাসনালী পুড়ে গেছে।

বৃহস্পতিবার সকালে শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইন্সটিটিউটে গাজীপুরে সিলিন্ডার বিস্ফোরণে আহত রোগীদের বিষয়ে সাংবাদিকদের এসব কথা বলেন স্বাস্থ্যমন্ত্রী। মন্ত্রী বলেন, সরকারের পক্ষ থেকে সর্বাত্মক চেষ্টা অব্যাহত রয়েছে। বাকিটা এই মুহূর্তেই বলা যাচ্ছে না। তবে তাদের কেউই আশঙ্কামুক্ত নন। তাদের ছয়জন ইতোমধ্যে আইসিইউতে রয়েছেন। যাদের ৯০ ভাগের বেশি পুড়ে গেছে। অগ্নিদগ্ধদের মধ্যে বেশ কয়েকজন শিশু রয়েছে, (স্বকণ্ঠে) : আমাদের এখানকার সব চিকিৎসক মিলে, আমরা সব রোগীকে দেখছি। আমরা একটা মেডিকেল বোর্ড বসিয়েছিলাম, সেই বোর্ডে আমি ছিলাম। আমার আরো যারা ডাক্তার আমরা সবাই মিলে এরমধ্যে ৮০ ভাগের বেশি পুড়ে যাওয়া রোগী ১০ জনের বেশি। এর মধ্যে বাচ্চা আছে।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ.১৪.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## শিক্ষার্থীদের শিবির ট্যাগ দিয়ে হামলা এটেম টু মার্ডারের মত অপরাধ : আসিফ নজরুল

বিভিন্ন সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের শিবির ট্যাগ দিয়ে হামলা, এটেম টু মার্ডারের মত অপরাধ বলে মন্তব্য করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষক অধ্যাপক ডক্টর আসিফ নজরুল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সাধারণ শিক্ষার্থীদের উপর ছাত্রলীগের হামলার প্রতিবাদে আজ আইন অনুষদের সামনে মানববন্ধন করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। এতে অংশ নিয়ে আসিফ নজরুল বলেন, শিবির ট্যাগ দিয়ে শিক্ষার্থীদের নির্যাতন করা হয়। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসগুলোতে এই রাজনীতি নতুন না। যাকে মারবে সে শিবির। সবকিছু ঢাকা হয় শিবির ট্যাগ দিয়ে। আমরা ছাত্রলীগ কিংবা সরকারকে সুস্পষ্টভাবে বলতে চাই, আপনাদের যদি এতই শিবির ভীতি থাকে তাহলে আইন করে শিবিরকে নিষিদ্ধ করেন না কেন! তিনি বলেন, ধারণা করে মিথ্যা অভিযোগ করে কাউকে মারতে পারেন না আপনারা। এটা গুরুতর অপরাধ, ফৌজদারী অপরাধ। আমি অনেক খোঁজ নিয়ে দেখেছি, আমাদের যেসব শিক্ষার্থীর উপর হামলা করা হয়েছে তারা শিবির কেন, কোন সংগঠনের সঙ্গেই জড়িত নন।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ.১৪.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## সোমালিয়া উপকূলে নোঙর করেছে জিম্মি বাংলাদেশি জাহাজ, নাবিকদের উদ্ধারে প্রচেষ্টা অব্যাহত

সোমালিয়ান জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ 'এমভি আব্দুল্লাহ' ইতোমধ্যে সোমালিয়ার গারাকাদ বন্দরের কাছে নোঙর করেছে বলে নৌ-পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক জানিয়েছেন। এ সম্পর্কে প্রতিবেদন পাঠিয়েছেন আমাদের ঢাকার বিশেষ সংবাদদাতা :

সোমালিয়ান জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ 'এমভি আব্দুল্লাহ' ইতোমধ্যে সোমালিয়ার গারাকাদ বন্দরের কাছে নোঙর করেছে। আজ (বৃহস্পতিবার) সোমালিয়ার গারাকাদ বন্দর থেকে ২০ নটিক্যাল মাইল দূরে জাহাজটি নোঙর করা হয়। বৃহস্পতিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সোমালিয়ার জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি নাবিকদের উদ্ধারে করণীয় নিয়ে এক আন্তঃমন্ত্রণালয় বৈঠক শেষে এ কথা জানান নৌ-পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক কমডোর মোহাম্মদ মাকসুদ আলম, (স্বকণ্ঠে) : এখন যেহেতু সোমালিয়া কোস্টে জাহাজটি এন্টার করেছে, ডেফিনেটলি পরবর্তীতে যারা এই জাহাজটি হাইজ্যাক করেছে, আমরা আশা করছি তারা কোন না কোন সময় আমাদের যে কনসার্ন, যেই অথরিটি অথবা জাহাজের মালিক কর্তৃপক্ষের সঙ্গে হয়তোবা তারা যোগাযোগ করবে। নাবিকদের উদ্ধারে পরবর্তী পদক্ষেপ জানতে চাইলে মহাপরিচালক জানান, পরবর্তী পদক্ষেপ কী হবে সেটি নির্ভর করে যারা হাইজ্যাক করেছে তারা কীভাবে যোগাযোগ করে এবং কী যোগাযোগ করে সেটার ওপর ভিত্তি করে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেরিটাইম সচিব অবসরপ্রাপ্ত রিয়ার এডমিরাল খুরশিদ আলম জানান, জিম্মি নাবিকদের উদ্ধারে আন্তর্জাতিক পদ্ধতি অনুসরণ করে দ্রুতই ব্যবস্থা নিচ্ছেন তারা, (স্বকণ্ঠে) : আমরা এখনো জানি না তাদের কী দাবি-দাওয়া। যদি আমরা জানতে পারি তখন হয়তো এটা কৌশলগত কারণেই হয়তো আমরা পুরোপুরি আপনাদেরকে জানাতে পারবো না এবং যারা এটা নিয়ে নেগোসিয়েশন করবে, যারা এটা নিয়ে কথা বলবে যেভাবে যেভাবে জাহান মনিকে আনা হয়েছে, যেভাবে আল বদর ক্রুকে আনা হয়েছে সেই প্রসেজটা আমাদের অলরেডি শুরু হয়ে গেছে এবং আমরা চালু রেখেছি এবং আমরা আশা করি যে, আমাদের যে প্রথম লক্ষ্য যে জাহাজের নাবিক ২৩ জন এবং জাহাজ এর মালামাল সহ দেশে ফেরত আনা সেই লক্ষ্য থেকে আমরা সহজেই বিচ্যুত হব না। আর আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, নাবিকদের নিরাপদে উদ্ধারের জন্য সরকার সব ধরনের প্রচেষ্টা অব্যাহত রেখেছে, (স্বকণ্ঠে) : তাদেরকে নিরাপদে রাখা এবং তাদেরকে ফিরিয়ে আনার জন্য সরকার সার্বিক চেষ্টা চালিয়ে যাচ্ছেন। কারণ আপনারা জানেন সোমালিয়া, যেখানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি বলতে খুবই নাজুক অবস্থা। জাহাজ নোঙ্গর করে হয়তো তারা কোন মুক্তিপণ দাবি করতে পারে।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ.১৪.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# ডয়চে ভেলে

## সোমালিয়ার বন্দরে জিম্মি বাংলাদেশি জাহাজ

জলদস্যুদের জিম্মি করা বাংলাদেশি জাহাজটি সোমালিয়ার গারাকাদ বন্দর থেকে ২০ নটিক্যাল মাইল দূরে নোঙর করেছে। এখনও জলদস্যুদের সঙ্গে যোগাযোগ স্থাপন হয়নি বলে জানিয়েছে জাহাজের মালিকানা প্রতিষ্ঠান। বাংলাদেশে ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার দ্য ডেইলি স্টারকে জাহাজটির নোঙরের তথ্য নিশ্চিত করেছেন বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশনের (বিএমএমওএ) সাধারণ সম্পাদক মো. শাখাওয়াত হোসেন। তার দেয়া তথ্য অনুযায়ী, বৃহস্পতিবার সোমালিয়ান জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহ গারাকাদ বন্দরের কাছে নোঙর করেছে। বৈদেশিক একটি শিপিং কোম্পানির সূত্র থেকে তারা এই খবর পেয়েছেন বলে জানান। তবে, নোঙর করার নির্দিষ্ট সময় জানতে পারেননি। এমভি আবদুল্লাহর মালিকানাধীন সংস্থা কেএসআরএম গ্রুপের গণমাধ্যম বিষয়ক কর্মকর্তা মিজানুল ইসলামও গারাকাদ বন্দরে জাহাজটি নোঙরের কথা ডেইলি স্টারকে জানিয়েছেন। তিনি বলেন, ''গতকাল রাত পর্যন্ত আমাদের নাবিকদের সঙ্গে যা কথা হয়েছে, আমরা তাদের কাছ থেকে জেনেছি, তারা নিরাপদ আছেন, সুস্থ আছেন। তবে জলদস্যুদের সঙ্গে কোনো ধরনের যোগাযোগ আমাদের এখনও স্থাপন হয়নি। আমরা আশা করছি জলদস্যুরা যেহেতু সেফ জোনে পৌঁছে গেছে, অচিরেই তারা হয়তো আমাদের সঙ্গে যোগাযোগ করবেন। আমরাও বিভিন্ন থার্ড পার্টির সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলেছি। আমাদের সর্বোচ্চ চেষ্টা আছে আমাদের যেসব নাবিক জিম্মি অবস্থায় আছেন, তাদের অক্ষত অবস্থায় ফিরিয়ে আনার জন্য আমাদের তরফ থেকে যে ধরনের প্রস্তুতি নেওয়া দরকার, আমরা সেগুলো নিয়েছি।''

এদিকে গতকাল ইউরোপীয় ইউনিয়নের সমুদ্র নিরাপত্তা বাহিনী জানিয়েছিল তাদের একটি নৌযান এমভি আব্দুল্লাহকে অনুসরণ করছে। বিবৃতিতে তারা বলেছে আটলান্টা অপারেশনের অংশ হিসেবে একটি ইউরোপীয় জাহাজকে তারা এই কাজে নিযুক্ত করেছে। মঙ্গলবার জাহজটি জলদস্যুদের কবলে পড়ে। সোমালিয়ার বন্দর মোগাদিসু থেকে জাহাজটি তখন প্রায় এক হাজার কিলোমিটার দূরে অবস্থান করছিল। ইইউ-এর বাহিনী বিবৃতিতে বলেছে, ক্রুরা নিরাপদে আছে এবং পদক্ষেপ অব্যাহত আছে। সোমালি উপকূলের দিকে জাহাজটি এগিয়ে যাচ্ছে।'' জাতিসংঘের হিসাবে ২০১১ সালে সবচেয়ে বেশি ১৬০টি জাহাজে হানা দেয় সোমালিয়ান জলদস্যুরা। এরপর যুক্তরাষ্ট্র ও তার মিত্রদের আন্তর্জাতিক জলসীমানায় উপস্থিতি বৃদ্ধির কারণে এই সংখ্যা কমতে থাকে। তবে সাম্প্রতিক মাসগুলোতে তাদের তৎপরতা আবার বেড়েছে। গত ডিসেম্বরে অন্তত দুইটি জাহাজে জলদস্যুদের হানা দেয়ার খবর মিলেছে।

(ডয়চে ভেলে ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

## ক্রুদের কেবিনে যাওয়ার সুযোগ দিয়েছে জলদস্যুরা

জিম্মিকৃত এমভি আবদুল্লাহ জাহাজটি সোমালিয়ার উপকূলে পৌঁছানোর পর জলদস্যুরা জাহাজের ব্রিজ থেকে ক্রুদের কেবিনে যাওয়ার সুযোগ দিয়েছে বলে জানিয়েছেন জাহাজটির একজন নাবিক। ভাইয়ের কাছে পাঠানো ভয়েস মেসেজে তিনি এই তথ্য জানিয়েছেন। বাংলাদেশে ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার এমন খবর জানিয়েছে। তবে নিরাপত্তার স্বার্থে ঐ নাবিকের নাম, পরিচয় তারা প্রকাশ করেনি। ভয়েস মেসেজে নাবিক জানান, তারা সুস্থ থাকলেও মানসিকভাবে বিপর্যস্ত। বৃহস্পতিবার বিকাল ৪টা ৪৫ মিনিটের দিকে নাবিকের ছোট ভাই এই ভয়েস মেসেজ পেয়েছেন বলে দ্য ডেইলি স্টারকে জানান। নাবিক বলেন, ''গতকাল একটি নেভি জাহাজ এসেছিল। আজকেও একটি নেভি জাহাজ এসেছিল। মোট দুইটি সুসজ্জিত জাহাজ আমাদের রেসকিউ করতে চেয়েছিল।'' তবে তা সম্ভব হয়নি জানিয়ে তিনি বলেন, ''ওরা (জলদস্যুরা) আমাদের জিম্মি করে রাখে, আমাদের মাথায় বন্দুক ধরে রাখে। নেভির বড় বড় ফ্রিগেট দেখেই ওরা আমাদের জিম্মি করে। এসব বড় জাহাজ দেখেও ওরা ভয় পায় না।'' এখন পর্যন্ত জলদস্যুরা কাউকে আঘাত করেনি বলে জানিয়েছেন তিনি। তিনি বলেছেন, ''তবে, আমি যেখানে ঘুমাই সেখানে পাশ ফিরলেই দেখতে পাই যে আমার দিকে বড় বড় মেশিনগান তাক করে রেখেছে। এই অবস্থায় ঘুম যা হওয়ার হচ্ছে। তারপরও মানসিকভাবে চাপে থাকলেও সুস্থ থাকার চেষ্টা করছি।'' জাহাজে থাকা খাবার তাদের সঙ্গে জলদস্যুরাও খাচ্ছে এবং এর ফলে দ্রুত সময়ের মধ্যে তা শেষ হওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে। এ বিষয়ে তিনি বলেন, ''আলহামদুলিল্লাহ, এখনো খাবার আছে। কিন্তু, যেহেতু জলদস্যুরাও আমাদের সঙ্গে খাওয়া-দাওয়া করছে, আমাদের পানি ব্যবহার করছে, আমাদের খাবার আর কতদিন যাবে সেটা বলতে পারছি না। আর হয়তো ১০-১৫ দিন বড়জোর যেতে পারে। এরপর খাবার শেষ হয়ে গেলে আমরা খুব কষ্টে পড়ে যাব। পানি শেষ হয়ে গেলে খুব কষ্টে পড়ে যাব।''

সোমালিয়া উপকূলে পৌঁছানোর পর ক্রু সদস্যদের সঙ্গে জলদস্যুদের ভালো সম্পর্ক গড়ে উঠেছে জানিয়ে তিনি বলেন, 'আজকে আমরা সোমালিয়া এলাম। ওদের সঙ্গে আমাদের একটু ভালো রিলেশন হয়েছে। ওদের বলে কয়ে আমরা একটু কেবিনে এলাম। কিন্তু আবার ব্রিজে চলে যেতে হবে।'' সরকার ও জাহাজের মালিকপক্ষ তাদের উদ্ধারে চেষ্টা চালাচ্ছে এবং গণমাধ্যম নিয়মিত তাদের খবর প্রকাশ করছে বলে খানিকটা আশ্বস্ত রয়েছেন বলে পরিবারকে জানিয়েছেন তিনি। বলেন, 'আমি আশা করি শিগগির পরিবারের কাছে ফিরে যেতে পারবো। ঈদের আগে যেন পরিবারের কাছে ফিরে যেতে পারি, সেটাই আমরা চাই।'' এর আগে বৃহস্পতিবার বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশনের

(বিএমএমওএ) সাধারণ সম্পাদক মো. শাখাওয়াত হোসেন জানিয়েছেন, সোমালিয়ান জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহ গারাকাদ বন্দরের কাছে নোঙর করেছে। বৈদেশিক একটি শিপিং কোম্পানির সূত্র থেকে তারা এই খবর পেয়েছেন বলে জানান। এমভি আবদুল্লাহর মালিকানাধীন সংস্থা কেএসআরএম গ্রুপের গণমাধ্যম বিষয়ক কর্মকর্তা মিজানুল ইসলামও গারাকাদ বন্দরে জাহাজটি নোঙরের কথা ডেইলি স্টারকে জানিয়েছেন। তিনি বলেন,''গতকাল রাত পর্যন্ত আমাদের নাবিকদের সঙ্গে যা কথা হয়েছে, আমরা তাদের কাছ থেকে জেনেছি, তারা নিরাপদ আছেন, সুস্থ আছেন। তবে জলদস্যুদের সঙ্গে কোনো ধরনের যোগাযোগ আমাদের এখনও স্থাপন হয়নি। আমরা আশা করছি জলদস্যুরা যেহেতু সেফ জোনে পৌঁছে গেছে, অচিরেই তারা হয়তো আমাদের সঙ্গে যোগাযোগ করবেন। আমরাও বিভিন্ন থার্ড পার্টির সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলেছি। আমাদের সর্বোচ্চ চেষ্টা আছে আমাদের যেসব নাবিক জিম্মি অবস্থায় আছেন, তাদের অক্ষত অবস্থায় ফিরিয়ে আনার জন্য আমাদের তরফ থেকে যে ধরনের প্রস্তুতি নেওয়া দরকার, আমরা সেগুলো নিয়েছি।''

এদিকে গতকাল ইউরোপীয় ইউনিয়নের নৌ সেনা দপ্তর জানিয়েছে তাদের একটি নৌযান এমভি আব্দুল্লাহকে অনুসরণ করছিল। বিবৃতিতে তারা বলেছে, 'আটলান্টা অপারেশনের' অংশ হিসেবে একটি ইউরোপীয় জাহাজকে তারা নিযুক্ত করেছিল। মঙ্গলবার জাহজটি জলদস্যুদের কবলে পড়ে। তাতে ২৩ জন ক্রু সদস্য রয়েছেন। তারা নিরাপদে আছেন বলে জানিয়েছে ইইউ নেভাল ফোর্স। বিবৃতিতে তারা জানিয়েছে, তাদের 'অপারেশন আটলান্টা' এই ব্যাপারে বাংলাদেশ ও সোমালিয়া কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করছে। এছাড়াও কার্যকর পদক্ষেপ নেয়ার ব্যাপারে ভারতের নৌ বাহনীসহ অন্যান্য আঞ্চলিক অংশীদারদের সঙ্গেও আলাপ চলছে বলে জানানো হয়েছে। পশ্চিম ভারতীয় মহাসাগর ও লোহিত সাগরে নিরাপত্তা রক্ষায় ইইউ নৌ বাহিনীর অভিযানের নাম অপারেশন আটলান্টা। জাতিসংঘের হিসাবে ২০১১ সালে সবচেয়ে বেশি ১৬০টি জাহাজে হানা দেয় সোমালিয়ান জলদস্যুরা। এরপর যুক্তরাষ্ট্র ও তার মিত্রদের আন্তর্জাতিক জলসীমানায় উপস্থিতি বৃদ্ধির কারণে এই সংখ্যা কমতে থাকে। তবে সাম্প্রতিক মাসগুলোতে তাদের তৎপরতা আবার বেড়েছে। গত ডিসেম্বরে অন্তত দুইটি জাহাজে জলদস্যুদের হানা দেয়ার খবর মিলেছে।

(ডয়চে ভেলে ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

## ব্যাংক খাত : উদ্যোগ ভালো, দেখতে হবে বাস্তবায়ন

ব্যাংক খাত সংস্কারে ইচ্ছাকৃত ঋণ খেলাপিদের তালিকা তৈরির উদ্যোগ নিয়েছে বাংলাদেশ ব্যাংক। আগামী বছরের শুরুর দিকে দুর্বল ব্যাংকগুলোকে সবল ব্যাংকের সঙ্গে একীভূত করার কাজ শুরু হবে। ব্যাংক একীভূত হওয়ার প্রক্রিয়ায় এক্সিম ব্যাংকের সাথে দুর্বল পদ্মা ব্যাংক একীভূত হওয়ার সিদ্ধান্ত নিয়েছে। আগামী রোববার দুই ব্যাংকের মধ্যে সমঝোতা স্মারক সই হবে বলে সংবাদ মাধ্যমকে জানিয়েছেন এক্সিম ব্যাংকের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদার। পদ্মা ব্যাংককে অধিগ্রহণ করবে এক্সিম ব্যাংক। বিশ্লেষকেরা বলছেন, এই উদ্যোগ গুলোর সুফল পেতে হলে বাস্তবায়নের ক্ষেত্রে  রাজনৈতিক প্রভাবমুক্ত থেকে স্বাধীন ও নিরপেক্ষভাবে কাজ করতে হবে বাংলাদেশ ব্যাংককে। নয়তো সবল ব্যাংকও দুবর্ল হয়ে যেতে পারে। আবার প্রকৃত স্বেচ্ছা ঋণখেলাপিরা রেহাই পেয়ে যেতে পারে। আর ব্যাংকগুলোতে সুশাসন প্রতিষ্ঠা না করে শুধু পরীক্ষা দিয়ে এমডি নিয়োগ করলেই ফল আসবে না। বাণিজ্যিক ব্যাংকগুলোকে আগামী ৯ এপ্রিলের মধ্যে 'ইচ্ছাকৃত খেলাপি ঋণগ্রহিতা সনাক্তকরণ ইউনিট' গঠন করার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপনের শর্ত যদি কোনো ব্যাংক ভঙ্গ করে তাহলে ওই ব্যাংককে ৫০ লাখ টাকা থেকে শুরু করে সর্বোচ্চ এক কোটি টাকা জরিমানা করা হবে। 'ইচ্ছাকৃত খেলাপি ঋণগ্রহীতা সনাক্তকরণ ইউনিটের' কাজ হলো ইচ্ছাকৃত ঋণখেলাপি খোঁজা। যারা ঋণখেলাপি তাদের মধ্য থেকে ইচ্ছাকৃত খেলাপি খোঁজার সাথে সাথে নতুন করে কেউ খেলাপি হলে ৩০ দিনের মধ্যে সে ইচ্ছকৃত খেলাপি কী না তা কেন করতে হবে। এই ইচ্ছাকৃত ঋণখেলাপি চিহ্নিত করার নীতিমালাও দিয়েছে বাংলাদেশ ব্যাংক। বাংলাদেশ ব্যাংক প্রজ্ঞাপনে বলেছে, ''সামর্থ্য থাকা সত্ত্বেও ঋণ পরিশোধ না করলে এবং জালিয়াতি, প্রতারণা বা মিথ্যা তথ্য দিয়ে কেউ ঋণ নিলে তা ইচ্ছাকৃত খেলাপি হিসেবে চিহ্নিত হবে। এছাড়া যে উদ্দেশ্যে ঋণ নেওয়া হয়েছে, তার বাইরে অন্য কাজে ঋণের অর্থ ব্যবহার করলেও তা চিহ্নিত হবে ইচ্ছাকৃত খেলাপি হিসেবে। আর যারা ইচ্ছাকৃত খেলাপি হিসেবে চিহ্নিত হবে, তার কোনো ধরনের সুদ মওকুফ বা ঋণ পুনঃতফসিল করা যাবে না। ঋণ পুরোপুরি শোধ না হওয়া পর্যন্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ইচ্ছাকৃত খেলাপি হিসেবে চিহ্নিত থাকবে। ইচ্ছাকৃত খেলাপিদের বিষয়ে বাংলাদেশ ব্যাংক বিদেশ ভ্রমণ ও ট্রেড লাইসেন্স ইস্যুতে নিষেধাজ্ঞা দিতে পদক্ষেপ নেবে। তারা যাতে নতুন করে কোনো কোম্পানি খুলতে না পারেন, এ জন্যও পদক্ষেপ নেবে কেন্দ্রীয় ব্যাংক। কোনো রাষ্ট্রীয় পুরস্কার বা সম্মাননা পাবেন না তারা। তাদের তালিকা গাড়ি, বাড়ি, জমি, ফ্ল্যাটের নিবন্ধন কর্তৃপক্ষের কাছে পাঠাবে বাংলাদেশ ব্যাংক। ইচ্ছাকৃত খেলাপি গ্রাহককে টাকা ফেরত দেওয়ার জন্য দুই মাসের নোটিশ দেবে ব্যাংক এবং টাকা ফেরত দিতে ব্যর্থ হলে ফৌজদারি মামলা করবে।

বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হিসাবে এখন মোট খেলাপি ঋণের পরিমাণ এক লাখ ৪৫ হাজার ৬৩৩ কোটি টাকা। তবে বাস্তবে অপলোপ করা, দুর্দশাগ্রস্ত ও মামলায় আটকে থাকা ঋণের হিসাব মিলিয়ে খেলাপি ঋণের পরিমাণ তিন লাখ ৫০ হাজার কোটি টাকা। ব্যাংক খাতের শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং তারল্য সংকট কাটাতে এই উদ্যোগ নেয়া হয়েছে বলে বাংলাদেশ ব্যাংক জানিয়েছে। বাংলাদেশ ব্যাংক এরইমধ্যে  সবল ব্যাংকের সঙ্গে একীভূত করার জন্য দুর্বল ব্যাংকের

তালিকা করেছে। তার দেশের ৫৪টি ব্যাংকের সার্বিক অবস্থা বিশ্লেষণ করে ৩৪টি ব্যাংককে দুর্বল হিসেবে চিহ্নিত করেছে। এর মধ্য থেকে আগামী বছরের শুরুর দিকে ১০ ব্যাংককে সবল ব্যাংকের সঙ্গে একীভূত করার কথা ভাবছে তারা। ৫৪টি ব্যাংকের মধ্যে ১২টি ব্যাংক খুব নাজুক অবস্থায় আছে। তার নয়টি রেড জোনে চলে গেছে। ইয়েলো জোনে থাকা ২৯টি ব্যাংকের মধ্যে তিনটি ব্যাংক আবার রেড জোনের খুব কাছাকাছি অবস্থানে আছে। মাত্র ১৬টি ব্যাংক গ্রিন জোনে আছে। এর মধ্যে আটটিই বিদেশি ব্যাংক। গ্রিন জোনে দেশীয় ব্যাংকের সংখ্যা মাত্র আটটি। বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র মেজবাউল হক সংবাদ সম্মেলনে জানিয়েছেন,''আগামী ডিসেম্বরের মধ্যে দুর্বল ব্যাংকগুলো চাইলে স্বেচ্ছায় একীভূত হতে পারবে। সেটি না হলে আগামী বছরের মার্চে নীতিমালা অনুযায়ী যারা দুর্বল তালিকায় পড়বে, তাদের একীভূত করার বিষয়ে সিদ্ধান্ত নেবে বাংলাদেশ ব্যাংক। কোনো ব্যাংক একীভূত হলেও তার আমানতকারীদের স্বার্থের কোনো হানি হবে না।" তবে ব্যাংকের এই শ্রেণিকরণ এখনো চূড়ান্ত কিছু নয় বলে জানান তিনি। আর ব্যাংক একীভূত হলে দুর্বল ব্যাংকগুলোর পরিচালকেরা ভালো ব্যাংকের পরিচালক হতে পারবেন না। এদিকে ফেব্রুয়ারি শেষ সপ্তাহে বাণিজ্যিক ব্যাংকগুলোর এমডি নিয়োগে নতুন নীতি জারি করেছে বাংলাদেশ ব্যাংক। বাণিজ্যিক ব্যাংকের এমডিদের নিয়োগ হবে সর্বোচ্চ তিন বছরের জন্য। ব্যাংক ও আর্থিক খাতে ২০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৪৫ থেকে ৬৫ বছরের মধ্যে। এমডি হতে হলে কেন্দ্রীয় ব্যাংকের নিয়োগ কমিটির কাছে মৌখিক পরীক্ষা দিতে হবে। কেউ হঠাৎ করেই এমডির পদ ছাড়তে পারবেন না। আবার কোনো ব্যাংক চাইলেই মেয়াদ শেষ হওয়ার আগে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন ছাড়া অপসারণ করতে পারবে না। দুই ক্ষেত্রেই বাংলাদেশ ব্যাংকের কমিটির কাছে ব্যাখ্যা দিতে হবে। কমিটি যে সিদ্ধান্ত দেবে তাই চূড়ান্ত হবে। এমডি নিয়োগের ক্ষেত্রে খেলাপি ঋণ অবলোপন ও আদায়ে পারদর্শিতা দেখবে বাংলাদেশ ব্যাংক। এর আগে ১০ ফেব্রুয়ারি ব্যাংকের পরিচালনা পর্ষদের সদস্য বা পরিচালক হওয়ার নীতিমালা জারি করে বাংলাদেশ ব্যাংক। পরিচালক হওয়ার সর্বনিম্ন বয়স করা হয় ৩০ বছর। আগে ২২ বছর বয়সে ব্যাংকের পরিচালক হওয়ার উদাহরণ আছে। এছাড়া ব্যবসা বা আর্থিক প্রতিষ্ঠানে ১০ বছরের অভিজ্ঞতা থাকা এবং ১৮ বছর বয়স হওয়ার আগে কোনো অভিজ্ঞতা বিবেচনায় না নেয়া, কর খেলাপি, ঋণ খেলাপি না হওয়া, আর্থিক অপরাধে দন্ডিত না হওয়া -এই বিষয়গুলো আছে। কিন্তু যেটা নিয়ে সবচেয়ে বেশি আপত্তি সেই একই পরিবার ও প্রতিষ্ঠানের মোট পাঁচজন পরিচালক হওয়ার বিধান বহাল আছে।

যমুনা ব্যাংকের সাবেক এমডি নূরুল আমিন মনে করেন, ইচ্ছাকৃত ঋণ খেলাপি চিহ্নিত করার জন্য যে একটি কমিটি গঠন করতে বলা হয়েছে ওই কমিটির স্বচ্ছতার ওপর নির্ভর করবে যে ইচ্ছকৃত খেলাপিরা চিহ্নিত হবে কী হবে না। তাই ওই কমিটি হতে হবে স্বচ্ছ আর যোগ্য। ব্যাংক একীভূত করার ক্ষেত্রেও স্বচ্ছতা দরকার হবে। এর নীতিমালা একদম স্বচ্ছ হতে হবে। আর গ্রাহকদের স্বার্থ সর্বাধিক বিবেচনায় নিতে হবে। ভালো ও খারাপ ব্যাংক এক হলে তার ঝুঁকি আগে হিসাব করতে হবে। দেখতে হবে কেউ যাতে ক্ষতিগ্রস্ত না হয়। সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিংয়ের (সানেম) নির্বাহী পরিচালক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. সেলিম রায়হান বলেন, ''উদ্যোগ যাই নেয়া হোক তার সুফল পেতে এই খাতে সুশাসন প্রতিষ্ঠা করতে হবে। কারণ এখানে দুই-একটি উদ্যোগ নিলে সমস্যা কেটে যাবে না। এর সমস্যা অনেক গভীরে। এখানে দ্বৈত শাসন চলছে বাংলাদেশ ব্যাংক ও অর্থনৈতিক বিভাগের মধ্যে। বাংলাদেশ ব্যাংককে স্বাধীনভাবে কাজ করতে দিতে হবে।" তিনি বলছে, ''আইনে অনেক ফাঁক ফোকর আছে। ব্যাংকের পরিচালনা পর্ষদের গঠন পদ্ধতি সুশাসনের অন্তরায়। এখনো এক পরিবার ও তাদের প্রতিষ্ঠানের পাঁচজন বোর্ডের সদস্য হতে পারেন। এখানে নানা গোষ্ঠী ও রাজনৈতিক স্বার্থ আছে। তাই আমি বলছি উদ্যোগগুলো ভালো, কিন্তু কতটা কার্যকর করা যায় সেটাই দেখার বিষয়।" সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) ডিস্টিংগুইশড ফেলো অধ্যাপক ড. মোস্তাফিজুর রহমান বলেন, ''খেলাপি ঋণের এখন যা অবস্থা তা গত ২০-২৫ বছরেরর পুঞ্জিভূত অনিয়মের ফল। আগেই দরকার ছিলো , তারপরও দেরিতে হলেও যদি ইচ্ছাকৃত খেলাপিদের চিহ্নিত করা যায় তাহলে ভালো। তাদের চিহ্নিত করে শাস্তির আওতায় আনতে হবে। আর এটা করতে হবে স্বচ্ছতার সঙ্গে। কোনো ধরনের চাপ বা রাজনীতির কাছে যেন নতি স্বীকার করা না হয়। এখন দুর্বল ব্যাংকের কথা বলা হচ্ছে। এই ব্যাংকগুলোকে লাইসেন্স দেয়ার সময়ই আমরা বলেছিলাম আমাদের যে ইকোনমি তাতে কয়টি ব্যাংকের প্রয়োজন তা বিবেচনা করতে হবে। রাজনৈতিক বিবেচনায় অনেক ব্যাংকের লাইসেন্স দেয়া হয়েছে। আবার নানা আর্থিক অনিয়মের মাধ্যমে অনেক সবল ব্যাংককে দুর্বল করা হয়েছে। শুধু সবল ব্যাংকের সঙ্গে দুর্বল ব্যাংক একীভূত নয়, যারা ব্যাংক দুর্বল করার জন্য দায়ী তাদের চিহ্নিত করে ব্যবস্থা নিতে হবে বলে জানান তিনি। তার মতে, খেয়াল রাখতে হবে এটা করতে গিয়ে আর সবল ব্যাংককে যেন দুর্বল করে ফেলা না হয়। একীভূত করলেই যে সমস্যার সমাধান হয়ে যাবে তা কিন্তু নয়। সুশাসনের অভাব, দুর্নীতি এসবের কারণে ব্যাংক দুর্বল হয়েছে, সেই সমস্যা বহাল থাকলে একীভূত করেও লাভ হবে না বলে মনে করেন তিনি। (ডয়চে ভেলে ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

## এনএইচকে

### ৩টি সেমিকন্ডাক্টর প্রকল্প চালু করেছে ভারত

ভারতে প্রায় ১৫ বিলিয়ন ডলার মূল্যের তিনটি সেমিকন্ডাক্টর উৎপাদন প্রকল্প চালু করা হয়েছে। সরকার বুধবার অনলাইনে সেইসব কারখানার নির্মাণ কাজ শুরু হওয়ার একটি অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র

মোদি ভারতের তৈরি সেমিকন্ডাক্টর উৎপাদন ত্বরান্বিত করার অভিপ্রায় ব্যক্ত করেন এবং বলেন, "ভারত শীঘ্রই এই খাতে একটি বিশ্বশক্তিতে পরিণত হবে।" সরকার বলছে দেশের বৃহত্তম সামষ্টিক ব্যবসায়ী খাত টাটা শিল্প গোষ্ঠীর একটি কোম্পানি পশ্চিমাঞ্চলীয় রাজ্য গুজরাটে তাইওয়ানের প্রধান একটি চিপ উৎপাদন কোম্পানির সাথে মিলে যৌথভাবে একটি ওয়েফার কারখানা স্থাপন করবে। সরকার বলেছে জাপানের রেনেসাস ইলেকট্রনিক্স এবং ভারতের একটি বৈদ্যুতিক সরঞ্জাম প্রস্তুতকারক সহ কয়েকটি কোম্পানি একই রাজ্যে একটি সংযোজন কারখানা স্থাপনের পরিকল্পনা করছে। টাটা গ্রুপের আরেকটি কোম্পানি উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্য আসামে একটি কারখানা তৈরি করবে। সরকার বলছে প্রকল্পগুলোর জন্য বিনিয়োগের মোট পরিমাণ হবে ১.২৫ ট্রিলিয়ন রুপির বেশি বা প্রায় ১৫ বিলিয়ন ডলার। ভারতের জনসংখ্যা হচ্ছে ১.৪ বিলিয়ন এবং উচ্চ অর্থনৈতিক প্রবৃদ্ধির অভিজ্ঞতার মুখে দেশটি থাকলেও প্রয়োজনীয় সেমিকন্ডাক্টরের জন্য আমদানির উপর দেশকে নির্ভর করতে হচ্ছে। পর্যবেক্ষকরা বলছেন বিদেশি বিনিয়োগ ও প্রযুক্তি হস্তান্তর এগিয়ে নেয়ার মধ্যে দিয়ে মোদি প্রশাসন অভ্যন্তরীণ উৎপাদন বৃদ্ধি করে নেয়ার লক্ষ্য ধরে নিয়েছে। (এনএইচকে ওয়েব পেজ : ১৪.০৩.২০২৪ এলিনা)

## জাগো এফএম

### হাতিরপুলে বহুতল ভবনে আগুন, নিয়ন্ত্রণে ৭ ইউনিট

রাজধানীর হাতিরপুল কাঁচাবাজার এলাকায় একটি বহুতল ভবনে আগুন লেগেছে। নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের সাতটি ইউনিট। বৃহস্পতিবার (১৪ মার্চ) সন্ধ্যা ৬টা ৪ মিনিটের দিকে আগুন লাগে বলে জানান ফায়ার সার্ভিস কন্ট্রোল রুমের ডিউটি অফিসার এরশাদ হোসেন। তিনি বলেন, হাতিরপুল কাঁচাবাজার এলাকায় একটি ছয়তলা ভবনের দ্বিতীয় তলায় আগুন লেগেছে। প্রাথমিকভাবে আগুনের সূত্রপাত ও হতাহতের বিষয়ে জানাতে পারেননি ফায়ার সার্ভিসের এই কর্মকর্তা। (জাগো এফএম ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

### ঢাকা-মস্কো সরাসরি ফ্লাইট চালুর আগ্রহকে স্বাগত জানাই: মন্ত্রী

বাংলাদেশের এভিয়েশন শিল্পের উন্নয়ন অংশীদার হতে আগ্রহ প্রকাশ করেছে রাশিয়া। বৃহস্পতিবার (১৪ মার্চ) সচিবালয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মন্ত্রী মুহাম্মদ ফারুক খানের সঙ্গে সাক্ষাৎকালে বাংলাদেশে নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেকজান্ডার ম্যানতিতস্কি রাশিয়ার এ আগ্রহের কথা জানান। রাষ্ট্রদূত আরও বলেন, বাংলাদেশের ক্রমবর্ধমান এভিয়েশন শিল্পের সঙ্গে আমরা একটি অংশীদারত্ব তৈরি করতে চাই। সেখানে কারিগরি সহায়তাসহ অন্য যেকোনো প্রকার সহায়তা প্রদানের জন্য রাশিয়া আগ্রহী। এছাড়াও উভয় দেশের পর্যটকেরা যাতে সহজেই যাতায়াত করতে পারেন সেজন্য ঢাকা-মস্কো সরাসরি ফ্লাইট চলাচল শুরু করার ব্যাপারে আগ্রহ প্রকাশ করে রাশিয়ার রাষ্ট্রদূত বলেন, প্রতি বছর রাশিয়ার বিপুলসংখ্যক পর্যটক পৃথিবীর বিভিন্ন দেশ ভ্রমণ করে। সরাসরি ফ্লাইট চালু হলে রাশিয়ার যে সমস্ত পর্যটক এখন পার্শ্ববর্তী দেশসমূহে ভ্রমণ করেন তারা বাংলাদেশে আসার ব্যাপারে আগ্রহী হবে। বাংলাদেশে রাশিয়ার পর্যটকের সংখ্যা বৃদ্ধি পেলে তা এ দেশের পর্যটন শিল্প বিকাশে ভূমিকা রাখার পাশাপাশি দুই দেশের জনগণের মধ্যকার বন্ধুত্ব আরও দৃঢ় করবে। প্রত্যুত্তরে মন্ত্রী বলেন, বাংলাদেশের অবস্থান আন্তর্জাতিক বিমান চলাচল রুটের মধ্যে হওয়ায় আমরা এই সুযোগকে কাজে লাগিয়ে বাংলাদেশকে একটি অন্যতম প্রধান এভিয়েশন হাবে রূপান্তর করার জন্য কাজ করছি। গত ১৫ বছরে বাংলাদেশের এভিয়েশন অবকাঠামো উন্নয়নের মাধ্যমে আন্তর্জাতিক মানে উন্নীত করা হয়েছে। রাশিয়া বাংলাদেশের বিশ্বস্ত বন্ধু। বাংলাদেশের এভিয়েশন শিল্পে রাশিয়ার মতো বন্ধু রাষ্ট্রের উন্নয়ন অংশীদার হতে চাওয়া ও ঢাকা-মস্কো সরাসরি ফ্লাইট চালুর আগ্রহকে আমরা আন্তরিকভাবে স্বাগত জানাই। এ ব্যাপারে আন্তর্জাতিক রীতিনীতি মেনে দুই দেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মধ্যে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। ফারুক খান বলেন, বাংলাদেশের পর্যটনের অপার সম্ভাবনা বাস্তবে রূপ দেওয়ার জন্য কাজ করা হচ্ছে। সারাদেশে পর্যটকদের সুযোগ-সুবিধা আরও বৃদ্ধি করার কাজ চলমান রয়েছে। এরই মধ্যেই পর্যটন মহাপরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে যা এ বছরেই বাস্তবায়ন শুরু হবে। এছাড়াও আমরা বিদেশি পর্যটকদের জন্য কক্সবাজারসহ দেশের আরও বেশ কিছু জায়গায় নিবিড় পর্যটন অঞ্চল তৈরি করছি। রাশিয়ার পর্যটকদের আমরা বাংলাদেশে স্বাগত জানাতে প্রস্তুত। পাশাপাশি বাংলাদেশের পর্যটন শিল্পে রাশিয়া বিনিয়োগ করলে তাদের সব সুযোগ-সুবিধা প্রদান করা হবে। (জাগো এফএম ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

### সিগারেট দূষণ রোধে পরিবেশ মন্ত্রীর সঙ্গে প্রজ্ঞা-আত্মার বৈঠক

বিশ্ব স্বাস্থ্য সংস্থা অতি সম্প্রতি সিগারেট ফিল্টার ও ভেপোরাইজারকে দ্রুত নিষিদ্ধের সুপারিশ করেছে। ১৮৩টি সদস্য দেশের অংশগ্রহণে এ বছরের ৫-১০ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ডব্লিওএইচও এফসিটিসি কপ-১০ সভায় পরিবেশ সুরক্ষা সংক্রান্ত আর্টিকেল ১৮ এর অধিকতর বাস্তবায়নে এ বিষয়ে যুগান্তকারী সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার ফ্রেমওয়ার্ক কনভেনশন অন টোব্যাকো কন্ট্রোল-এফসিটিসির সদস্য হিসেবে এ সিদ্ধান্ত বাস্তবায়নে বাধ্যবাধকতা রয়েছে বাংলাদেশের। বৃহস্পতিবার (১৪ মার্চ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরীর সঙ্গে বৈঠক করে গবেষণা ও অ্যাডভোকেসি প্রতিষ্ঠান প্রজ্ঞা (প্রগতির জন্য জ্ঞান) এবং অ্যান্টি টোব্যাকো মিডিয়া এলায়েন্স-আত্মা'র একটি প্রতিনিধি দল। বৈঠকে দূষণ রোধে আগামী ২৩-২৯ এপ্রিল কানাডায় অনুষ্ঠেয় 'ইন্টারগভমেন্টাল নেগোসিয়েশন

কমিটি’ বা ‘আইএনসি’ এর চতুর্থ সম্মেলনে সিগারেট ফিল্টার এবং ভেপোরাইজারকে হিসেবে নিষিদ্ধ করা, সিগারেট ফিল্টারকে ক্ষতিকর প্লাস্টিক বর্জ্য হিসেবে শ্রেণিভুক্ত করা এবং তামাক কোম্পানিগুলোর এক্সটেন্ডেড প্রোডিউসার রেস্পন্সিবিলিটি কার্যক্রমকে প্রতিরোধ করার ক্ষেত্রে বাংলাদেশ কার্যকর ভূমিকা পালন করবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন সাবের হোসেন চৌধুরী। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৪০ সালের মধ্যে বাংলাদেশকে তামাকমুক্ত করার লক্ষ্য নির্ধারণ করেছেন। পরিবেশ মন্ত্রণালয় ও স্বাস্থ্য মন্ত্রনালয়ের সমন্বিত প্রচেষ্টায় এ লক্ষ্য বাস্তবায়ন করা সম্ভব বলে আশাবাদ ব্যক্ত করেন পরিবেশ মন্ত্রী। বৈঠকে পরিবেশমন্ত্রীর সঙ্গে আলোচনায় অংশ নেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের যুগ্মসচিব ও ন্যাশনাল ফোকাল পারসন (ইন্টারগভামেন্টাল নেগোশিয়েনস কমিটি অন প্লাস্টিক পলিউশনস) মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী, জ্যেষ্ঠ সাংবাদিক সুকান্ত গুপ্ত অলোক, আত্মা’র আহ্বায়ক মতুর্জা হায়দার লিটন ও সহ-আহ্বায়ক নাদিরা কিরণ, প্রজ্ঞা’র নির্বাহী পরিচালক এবিএম জুবায়ের।
(জাগো এফএম ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

## বাংলাদেশি জাহাজের দায়িত্বে নতুন দস্যুদল, হাতে ভারী অস্ত্র

বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ’র দায়িত্ব নিয়েছে সোমালিয়ান জলদস্যুদের অপর একটি দল। তাদের হাতে জাহাজটি বুঝিয়ে দিয়ে আগের দলটি জাহাজ ছেড়ে গেছে। সোমালিয়ান সময় দুপুর ১টার দিকে এ হস্তান্তর প্রক্রিয়া শেষ হয়। নতুন যারা দায়িত্ব নিয়েছেন তাদের সবার হাতে ভারী অস্ত্র। বৃহস্পতিবার বিকেল সাড়ে ৪টার দিকে জাগো নিউজকে এ তথ্য জানান নাম প্রকাশে অনিচ্ছুক এক জিম্মি নাবিক। তিনি জানান, বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ এই মুহূর্তে সোমালিয়ার গারাকাড উপকূল থেকে ২০ মাইল দূরে নোঙ্গর করা আছে। নোঙ্গর করার পর ১৯ জনের একটি নতুন দল জাহাজের নিয়ন্ত্রণ নেয়। অন্যদিকে জাহাজ হাইজ্যাকে নেতৃত্ব দেওয়া ৫০ জনের বেশি সংখ্যার দলটি জাহাজ ছেড়ে যায়। জিম্মি নাবিক বলেন, জলদস্যুদের প্রথম দলটি অনেকটা হালকা অস্ত্র বহন করছিল। এখন যারা দায়িত্ব নিয়েছে ওদের সবার হাতে ভারী অস্ত্র। তবে তারা নাবিকদের সঙ্গে কোনো খারাপ আচরণ করেনি। বরং এক রুমের বন্দিদশা থেকে সবাইকে যার যার রুমে যাওয়ার অনুমতি দিয়েছে। রাতে সেহেরি দিয়েছিল, আশা করা যাচ্ছে ইফতারও দেবে। তিনি আরও জানান, এমভি আবদুল্লাহ’র পিছু নেওয়া জাহাজটি এখনো ২০ ন্যাটিক্যাল মাইল দূর থেকে পর্যবেক্ষন করছে। জলদস্যুরা বলছে, এমনটা হলে জিম্মি নাবিকদের সমস্যা হতে পারে। বাংলাদেশি জাহাজের নাবিকরা আশা করছেন, এই পর্যায়ে দস্যুরা হয়তো জাহাজের মালিকপক্ষের সঙ্গে যোগাযোগ করবে। তাই দেশের গণমাধ্যমকে কোনো অতি উৎসাহী নিউজ না করার অনুরোধ জানান এই নাবিক। এদিকে উদ্ধার করতে আসা জাহাজটি বুধবার বিকেল থেকে বাংলাদেশি জাহাজটিকে অনুসরণ করছিল। ধারণা করা হচ্ছে, আরব আমিরাত বা অন্য কোনো আরব দেশের হবে এটি। বৃহস্পতিবার রাতে বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ’র নাবিকদের উদ্ধারে ওই জাহাজটি অভিযান চালায়। এসময় দুপক্ষের মধ্যে গুলিবিনিময় হয়। তবে দস্যুরা জিম্মিদের হত্যার হুমকি দিলে উদ্ধারকারী জাহাজটি পিছিয়ে যায়। এর আগে মঙ্গলবার বাংলাদেশ সময় দুপুর ১টার দিকে ভারত মহাসাগরে সোমালিয়ান জলদস্যুদের কবলে পড়ে বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ। সে সময় সোমালিয়া উপকূল থেকে ৪৫০ ন্যাটিক্যাল মাইল দূরে অবস্থান করছিল জাহাজটি। দস্যুদের কাছে জিম্মি ২৩ জন বাংলাদেশি নাবিক ও ক্রু। আফ্রিকার দেশ মোজাম্বিক থেকে কয়লা নিয়ে সংযুক্ত আরব আমিরাতে যাওয়ার পথে জাহাজটি জলদস্যুর কবলে পড়ে। এরপর বাংলাদেশ সময় বিকেল সাড়ে ৫টার দিকে জাহাজটি ভারত মহাসাগর থেকে সোমালিয়া নিয়ে যাওয়ার কাজ শুরু করে দস্যুরা। (জাগো এফএম ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

## বাংলাদেশ সফরে আসছেন ভুটানের রাজা

পাঁচদিনের সফরে বাংলাদেশে আসছেন ভুটানের চতুর্থ রাজা জিগমে সিগমে ওয়াংচুক। আগামী ২৫ মার্চ বাংলাদেশ সফরে আসবেন ভুটানের রাজা জিগমে সিগমে ওয়াংচুক। ২৯ মার্চ পর্যন্ত তিনি বাংলাদেশে অবস্থান করবেন। এসময়ের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক প্রজ্ঞাপনে সফরকালে তাকে বাংলাদেশে অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসেবে ঘোষণা করা হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়, সরকার বিশেষ নিরাপত্তা বাহিনী (স্পেশাল সিকিউরিটি ফোর্স) আইন ২০২১ এর ধারা ২ এর দফা (ক) তে প্রদত্ত ক্ষমতাবলে ভুটানের রাজাকে আগামী ২৫ থেকে ২৯ মার্চ বাংলাদেশ সফরকালীন অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসাবে ঘোষণা করলো। (জাগো এফএম ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

## কর্ণফুলী টানেলের ব্যয় বাড়লো

কর্ণফুলী নদীর তলদেশে বহুলেন সড়ক টানেল নির্মাণ প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদ ও ব্যয় বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। চুক্তির মেয়াদ বাড়ছে ৬ মাস। পাশাপাশি ব্যয় এক কোটি ৪ লাখ ৪১ হাজার ৫৩৬ টাকা বাড়ানোর বিষয়ে অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। কর্ণফুলী টানেলের পরামর্শক প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদ ও ব্যয় বাড়ানোর পাশাপাশি ‘মাতারবাড়ী পোর্ট ডেভেলপমেন্ট’ প্রকল্পের (চবক অংশ) আওতায় পরামর্শক ব্যয় ও ‘জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি প্রতিষ্ঠা (২য় সংশোধিত)’ প্রকল্পের ব্যয় বাড়ানো হয়েছে। একই সঙ্গে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের একটি প্রকল্পের পরামর্শক নিয়োগের বিষয়ে অনুমোদন দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (১৪ মার্চ) অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় এসব অনুমোদন দেওয়া হয়। সভা শেষে সাংবাদিকদের সভার সিদ্ধান্ত জানান মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার

সচিব মো. মাহমুদুল হোসাইন খান। তিনি জানান, 'কর্ণফুলী নদীর তলদেশে বহুলেন সড়ক টানেল নির্মাণ' প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদ ও মূল্য বৃদ্ধির প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। নতুন করে ব্যয় বাড়ানো হয়েছে এক কোটি ৪ লাখ ৪১ হাজার ৫৩৬ টাকা। ২০১৬ সালের ৭ সেপ্টেম্বর সিসিজিপি সভায় কর্ণফুলী নদীর তলদেশে বহুলেন সড়ক টানেল নির্মাণ প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে যৌথভাবে এসএমইসি এবং সিওডব্লিউআই-কে অনুমোদন দেওয়া হয়। এর পরিপ্রেক্ষিতে ২৯১ কোটি ৩৭ লাখ ৫৮ হাজার ৪৬৪ টাকায় নিয়োগের চুক্তি করা হয়। পরামর্শক প্রতিষ্ঠানের ৫ বার বাড়ানো চুক্তির মেয়াদ গত ৩১ ডিসেম্বর শেষ হয়। প্রকল্পের ডিফেক্ট লাইবিলিটি পিরিয়ড (ডিএলপি) চলাকালীন মূল টানেলের ডিফেক্ট শনাক্ত করা ও অসম্পন্ন কাজ তদারকির জন্য পরামর্শক প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদ আগামী ৩০ জুন পযন্ত বাড়ানো হয়েছে। এ কারণে মূল চুক্তির অতিরিক্ত এক কোটি ৪ লাখ ৪১ হাজার ৫৩৬ টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এতে সংশোধিত চুক্তিমূল্য বেড়ে দাঁড়িয়েছে ২৯২ কোটি ৩৭ লাখ ৫৮ হাজার ৪৬৪ টাকা। এদিকে 'মাতারবাড়ী পোর্ট ডেভেলপমেন্ট' প্রকল্পের (চবক অংশ) আওতায় পরামর্শক প্রতিষ্ঠানের অতিরিক্ত কাজের ভেরিয়েশন বাবদ ২৪ কোটি ৫ লাখ ৩২ হাজার ৪৬৩ টাকা অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এই প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে নিপ্পন কোই কোম্পানি লিমিটেডের সঙ্গে ২৩৪ কোটি ৩ লাখ ৬ হাজার ৬১৪ টাকায় নিয়োগের চুক্তি করা হয়। চুক্তি অনুসারে পরামর্শক সেবা কাজ চলমান। প্রথম চুক্তির পর অতিরিক্ত হিসেবে ফেজ-২ এর এরিয়া সার্ভি অ্যান্ড ফিজিবিলিটি স্টাডি কাজ সম্পাদনের জন্য পরামর্শক প্রতিষ্ঠানের ভেরিয়েশন বাবদ অতিরিক্ত ২৪ কোটি ৫ লাখ ৩২ হাজার ৪৬৩ টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট (সিএসএডব্লিউএম) প্রজেক্টের পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে যৌথভাবে ডিভনকন, ডিএসইচভি, একিউইউএ, ইপিসি এবং আইডব্লিউএম-কে নিয়োগের অনুমোদন দেওয়া হয়েছে। পরামর্শক ব্যয় ধরা হয়েছে ৩৩ কোটি ৭৫ লাখ ৭৫ হাজার ৭৫০ টাকা। এছাড়া 'জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি প্রতিষ্ঠা (২য় সংশোধিত)' প্রকল্পের পূর্ত কাজের দ্বিতীয় ভেরিয়েশন প্রস্তাব অনুমোদন করেছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এই প্রকল্পে নতুন করে ব্যয় বাড়ানো হয়েছে ২৮ কোটি ৮ লাখ ৫ হাজার ২৮৪ টাকা। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা (সিসিজিপি) অনুমোদন নিয়ে 'জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি প্রতিষ্ঠা (২য় সংশোধিত)' প্রকল্পের পূর্ত কাজ হাসান অ্যান্ড সন লিমিটেডের কাছ থেকে ১৫৭ কোটি ৯৭ লাখ ৩৯ হাজার ৫৩০ টাকায় ক্রয়ের চুক্তি করা হয়। চুক্তি অনুসারে কাজ চলমান অবস্থায় কিছু টেন্ডারভুক্ত/টেন্ডার বহির্ভূত আইটেম হ্রাস/বৃদ্ধি হওয়ায় ভেরিয়েশন বাবদ অতিরিক্ত ২৮ কোটি ৮ লাখ ৫ হাজার ২৮৪ টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে।
(জাগো এফএম ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

## এক্সিম ব্যাংকের সঙ্গে একীভূত হচ্ছে পদ্মা ব্যাংক

বেসরকারি খাতের এক্সিম ব্যাংকের সঙ্গে একীভূত হচ্ছে চতুর্থ প্রজন্মের পদ্মা ব্যাংক। বৃহস্পতিবার (১৪ মার্চ) এক্সিম ব্যাংকের পরিচালনা পর্ষদের সভায় সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত হয়েছে বলে জানিয়েছে ব্যাংকটির একটি সূত্র। এছাড়া পদ্মা ব্যাংকও এ বিষয়ে আজ আনুষ্ঠানিকভাবে জানাবে বলে জানা গেছে। এক্সিম ব্যাংকের এক পরিচালক নাম প্রকাশ না করার শর্তে বলেন, পদ্মা ব্যাংককে আমাদের ব্যাংকের (এক্সিম ব্যাংক) সঙ্গে একীভূত করার সিদ্ধান্ত হয়েছে। পর্ষদের সিদ্ধান্ত অনুমোদনের জন্য বাংলাদেশ ব্যাংকে পাঠানো হবে। সংশ্লিষ্ট নিয়ন্ত্রক সংস্থার অনুমোদনের পর এ সিদ্ধান্ত কার্যকর করা হবে। একই কথা বলেন পদ্মা ব্যাংকের সংশ্লিষ্ট এক কর্মকর্তা। তিনি বলেন, ঘটনা সত্য তবে আনুষ্ঠানিক জানানো হবে বিকেলে। (জাগো এফএম ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

## বাজার সিন্ডিকেটে বিএনপির যোগসাজশ খুঁজছে সরকারঃ কাদের

বাজার সিন্ডিকেট ও মজুতদারির সঙ্গে কারা জড়িত এবং তাদের সঙ্গে বিএনপির কোনো যোগসাজশ আছে কি না সেটি খতিয়ে দেখা হচ্ছে বলে জানিয়েছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সেতুমন্ত্রী বলেন, এখন রমজান মাসে সরকারকে বিব্রত করার জন্য সিন্ডিকেট থাকতে পারে। খতিয়ে দেখতে হবে এ ধরনের অপকর্মের সঙ্গে বিএনপির সম্পৃক্ততা আছে কি না। তারাই এসব সিন্ডিকেট করে সরকারকে বিব্রত করা এবং নির্বাচিত সরকারের অগ্রযাত্রাকে বাধাগ্রস্ত করতে তারা অপচেষ্টা চালাতে পারে। সিন্ডিকেটের সঙ্গে বিএনপির সংযোগ আছে কি না খতিয়ে দেখতে হবে। বৃহস্পতিবার (১৪ মার্চ) সকালে রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি নিয়ে মন্ত্রী বলেন, চলমান বৈশ্বিক যে পরিস্থিতি, অর্থনৈতিক সংকট। সারাবিশ্বে আজ যে অস্থিরতা চলছে, তার প্রভাব-প্রতিক্রিয়া বাংলাদেশেও পড়বে। কথা হচ্ছে সরকার বিষয়টিকে কীভাবে মোকাবিলা করছে। শেখ হাসিনা ক্রাইসিস ম্যানেজার হিসেবে যথাযথ দায়িত্ব পালন করছেন। দ্রব্যমূল্য নিয়ন্ত্রণেও তিনি বিভিন্নভাবে প্রয়াস অব্যাহত রেখেছেন। কোন দেশে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে এসেছে- এমন প্রশ্ন রেখে ওবায়দুল কাদের বলেন, সিঙ্গাপুরে রুটিন হেলথ চেকআপে গিয়েও তিনি দেখেছেন, সেখানে জিনিসপত্রের দাম দ্বিগুণ-তিনগুণ বেড়েছে। আমাদের দেশে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে চেষ্টা হচ্ছে। এখানে সরকার নিষ্ক্রিয় নেই। প্রধানমন্ত্রী সারাক্ষণ সংকট মোকাবিলায় সময় দিচ্ছেন। আমাদের এখানে কোনো অবহেলা নেই। সরকার সব পদক্ষেপ নিয়ে যথাযথভাবে চেষ্টা করছে। গ্যাস, জ্বালানি, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির মুখোমুখি সারা দুনিয়াই।

আমেরিকা, ইউরোপ, উন্নত, অনুন্নত বিশ্বেও এই সংকট চলছে। আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, বাংলাদেশে এ সংকটের মধ্যেও নির্বাচনে বিএনপি আসেনি। আন্দোলনে ব্যর্থ হয়ে, নির্বাচন যখন হয়েই যাচ্ছে তখন তারা বলেছিল বাংলাদেশে নির্বাচনের পর মার্চ মাসে দুর্ভিক্ষ হবে। আমাদের ক্রয়ক্ষমতা আছে। এখনই গ্রাম পর্যন্ত আলোকসজ্জা শুরু হয়ে গেছে। একটা লোকও কি না খেয়ে মারা গেছে? এসময় মজুতদার ও সিন্ডিকেট নিয়ে মন্ত্রী বলেন, যারা মজুতদার তাদের খুঁজে বের করা হচ্ছে। কারা কোথায় সমস্যা সৃষ্টি করছে এবং রাজনৈতিক যে সংশ্লিষ্টতা, বিএনপির কোন যোগসাজশ আছে কি না তা খতিয়ে দেখা হচ্ছে। সোমালিয়ায় বাংলাদেশি জাহাজ ও নাবিকদের উদ্ধারে সরকার সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছে জানিয়ে কাদের বলেন, জিম্মিদের উদ্ধারে পররাষ্ট্র মন্ত্রণালয় খুবই সক্রিয়। জিম্মি ২৬ জনের ইন্সুরেন্সও আছে। দুর্ভিক্ষপীড়িত সোমালিয়ায় আইন-শৃঙ্খলার নাজুক পরিস্থিতি। এখানে মুক্তিপণ আদায় মূল লক্ষ্য। আমাদের পক্ষ থেকে যোগাযোগের কোনো ঘাটতি নেই। ড. ইউনূসের সাজা নিয়ে যুক্তরাষ্ট্র-বাংলাদেশ সম্পর্কের নেতিবাচক প্রভাব নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী বলেন, ড. ইউনূস একজন ব্যক্তি। জানতে চাই তিনি যুক্তরাষ্ট্রের কে? তিনি বাংলাদেশের নাগরিক। বাংলাদেশের আইন-আদালত আছে। যা সবার জন্য সমান। এখানে শ্রমিকেরা পাওনা না পাওয়ায় তার বিরুদ্ধে মামলা করেছেন। আইন-আদালত সব দেশের নিজস্ব ব্যাপার। বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিদেশে চিকিৎসার অনুমতি প্রসঙ্গে ওবায়দুল কাদের বলেন, দাবি তো করতেই পারে। দাবির যৌক্তিকতা কতটুকু সেটাও তো আমাদের ভেবে দেখতে হবে। সরকার এখানে উদাসীন নয়। এই বিএনপি এখন বেগম জিয়াকে নিয়ে বড় বড় কথা বলে, সরকারের সমালোচনা করে। কিন্তু বছরের পর বছর তত্ত্বাবধায়কের মামলা নিয়ে আদালতে তারা আইনি লড়াই করেনি শুধু, বিচারকে প্রলম্বিত করেছে। অসুস্থ হলে হাসপাতালে যেতে হবে। আজ এটা স্বীকার করতেই হবে। শেখ হাসিনার উদারতায় খালেদা জিয়া বাসায় থেকে চিকিৎসা নিতে পারছেন। বাংলাদেশ আওয়ামী মহিলা লীগ ও যুব মহিলা লীগের নেতাদের সঙ্গে আয়োজিত এ মতবিনিময় সভায় আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মোজাম্মেল হক, আফজাল হোসেন, দপ্তর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, মহিলা আওয়ামী লীগের সভাপতি মেহের আফরোজ চুমকি, সাধারণ সম্পাদক জাহানারা বেগম, যুব মহিলা লীগের সভাপতি ডেইজি সারোয়ার, সাধারণ সম্পাদক শারমিন সুলতানা লিলিসহ অন্যান্য নেতারা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

## কর্নেল অলির জন্মদিনে ভারতের প্রধানমন্ত্রীর শুভেচ্ছা

লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) প্রেসিডেন্ট ড. কর্নেল (অব.) অলি আহমদ বীর বিক্রমকে জন্মদিনের শুভেচ্ছা জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বুধবার (১৩ মার্চ) এক ই-মেইল বার্তায় মোদী তাকে এ শুভেচ্ছা জানান। এলডিপির যুগ্ম মহাসচিব সালাহ উদ্দিন রাজ্জাক স্বাক্ষরিত গণমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তার প্যাডে পাঠানো এক বার্তায় বলেন, 'প্রিয় ড. কর্নেল অলি আহমদ, শুভ জন্মদিন। এ বছরটিতেও আপনার জীবন সুখ ও সাফল্যে ভরে উঠুক' - নরেন্দ্র মোদী। ১৯৩৯ সালের ১৩ মার্চ জন্মগ্রহণ করেন কর্নেল অলি আহমদ। তার পৈতৃক বাড়ি চট্টগ্রামের চন্দনাইশে। তার বাবার নাম আমানত ছাফা এবং মায়ের নাম বদরুননেছা। অলি আহমদ ১৯৭১ সালে পাকিস্তান সেনাবাহিনীর অষ্টম ইস্ট বেঙ্গল রেজিমেন্টে কর্মরত ছিলেন। কর্মরত অবস্থায় চট্টগ্রামের ষোলশহর থেকেই পাকিস্তান সেনাবাহিনীর বিরুদ্ধে বিদ্রোহে অংশ নেন। ২৫ মার্চ যুদ্ধে ঝাঁপিয়ে পড়েন। মহান স্বাধীনতা যুদ্ধে সাহসিকতাপূর্ণ অবদানের জন্য বাংলাদেশ সরকার তাকে বীর বিক্রম খেতাব প্রদান করে। (জাগো এফএম ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

## শেয়ারবাজারে শুরুর উত্থান টিকলো না শেষে

সপ্তাহের শেষ কার্যদিবস বৃহস্পতিবার লেনদেনের শুরুতে শেয়ারবাজার ঘুরে দাঁড়ানোর ইঙ্গিত দিলেও শেষ পর্যন্ত সবকটি মূল্যসূচক কমেছে। সেই সঙ্গে দাম কমার তালিকায় নাম লিখেয়েছে বেশি সংখ্যক প্রতিষ্ঠান। এর মাধ্যমে টানা ছয় কার্যদিবস শেয়ারবাজারে দরপতন হলো। আর শেষ ২২ কার্যদিবসের মধ্যে ১৯ কার্যদিবসেই দরপতন দেখতে হলো বিনিয়োগকারীদের। দিনের লেনদেন শেষে সবকটি মূল্যসূচক কমলেও এদিন প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) লেনদেন শুরু হয় বেশিরভাগ প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম বাড়ার মাধ্যমে। লেনদেনের প্রথম আধাঘণ্টা বেশিরভাগ প্রতিষ্ঠানের দাম বাড়ার ধারা অব্যাহত থাকে। ফলে লেনদেনের এক পর্যায়ে প্রায় আড়াই'শ প্রতিষ্ঠান দাম বাড়ার তালিকায় চলে আসে। আর ডিএসইর প্রধান মূল্যসূচক বাড়ে ৩৫ পয়েন্ট। তবে লেনদেনের শেষদিকে দাম বাড়ার তালিকা থেকে বেশিকিছু প্রতিষ্ঠান দাম কামার তালিকায় চলে আসে। এতে দিনের লেনদেন শেষে দাম বাড়ার থেকে দাম কমার তালিকা বড় হয়। সেই সঙ্গে সবকটি মূল্যসূচক কমে দিনের লেনদেন শেষ হয়। দিনের লেনদেন শেষে ডিএসইতে দাম বাড়ার তালিকায় নাম লিখিয়েছে ১৬৫টি প্রতিষ্ঠান। বিপরীতে দাম কমেছে ১৭১টি প্রতিষ্ঠানের। আর ৫৮টির দাম অপরিবর্তিত। এতে ডিএসইর প্রধান মূল্যসূচক ডিএসইএক্স ৬ পয়েন্ট কমে ৫ হাজার ৯৬৮ পয়েন্টে নেমে গেছে। অপর দুই সূচকের মধ্যে বাছাই করা ভালো ৩০টি কোম্পানি নিয়ে গঠিত ডিএসই-৩০ সূচক আগের দিনের তুলনায় ৪ পয়েন্ট কমে ২ হাজার ৫১ পয়েন্টে অবস্থান করছে। আর ডিএসই শরিয়াহ সূচক আগের দিনের তুলনায় ১ পয়েন্ট কমে ১ হাজার ২৯৯ পয়েন্টে দাঁড়িয়েছে। সবকটি মূল্যসূচক কমলেও লেনদেনের পরিমাণ কিছুটা বেড়েছে। ডিএসইতে লেনদেন হয়েছে ৫১৪ কোটি ৬৩ লাখ টাকা। আগের কার্যদিবসে লেনদেন হয়

৪৮৩ কোটি ৩০ লাখ টাকা। সে হিসেবে লেনদেন বেড়েছে ৩১ কোটি ৩৩ লাখ টাকা। এই লেনদেনে সব থেকে বেশি অবদান রেখেছে গোল্ডেন সনের শেয়ার। কোম্পানিটির ২৭ কোটি ৮৭ লাখ টাকার শেয়ার লেনদেন হয়েছে। দ্বিতীয় স্থানে থাকা এসএস স্টিলের ২৭ কোটি ৩৩ লাখ টাকার শেয়ার লেনদেন হয়েছে। ১৭ কোটি ২২ লাখ টাকার শেয়ার লেনদেনের মাধ্যমে তৃতীয় স্থানে রয়েছে ফু-ওয়াং সিরামিকস। এছাড়া ডিএসইতে লেনদেনের দিক থেকে শীর্ষ দশ প্রতিষ্ঠানের তালিকায় রয়েছে- ওরিয়ন ইনফিউশন, লাভেলো আইসক্রিম, গোল্ডেন হার্ভেস্ট কেমিক্যাল, বাংলাদেশ বিল্ডিং সিস্টেম, কর্ণফুলি ইন্স্যুরেন্স, ফরচুন সুজ এবং সেন্ট্রাল ফার্মাসিউটিক্যালস। অপর শেয়ারবাজার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের (সিএসই) সার্বিক মূল্যসূচক সিএএসপিআই কমেছে ১৫ পয়েন্ট। বাজারটিতে লেনদেনে অংশ নেওয়া ২১২টি প্রতিষ্ঠানের মধ্যে ৮৫টির দাম বেড়েছে। বিপরীতে দাম কমেছে ৮৯টির এবং ৩৮টির দাম অপরিবর্তিত রয়েছে। লেনদেন হয়েছে ১৩ কোটি ৯৩ লাখ টাকা। আগের দিন লেনদেন হয় ১১ কোটি ৭২ লাখ টাকা।
(জাগো এফএম ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

**৩২ জনের কেউই শঙ্কামুক্ত নন : স্বাস্থ্যমন্ত্রী**

গাজীপুরের কালিয়াকৈরে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণের ঘটনায় দগ্ধ ৩২ জনের কেউই শঙ্কামুক্ত নন বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। তিনি বলেন, ভর্তি রোগীদের অন্তত ১৬ জনের শতকরা ৮০ শতাংশ দগ্ধ। নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) রয়েছেন ছয়জন। বৃহস্পতিবার (১৪ মার্চ) বেলা সোয়া ১১টায় শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে আয়োজিত সাংবাদ সম্মেলনে মন্ত্রী এসব কথা জানান। স্বাস্থ্যমন্ত্রী বলেন, গাজীপুরের দুর্ঘটনা অত্যন্ত মর্মান্তিক। এখন পর্যন্ত আমাদের এখানে ৩২ জন রোগী এসেছেন। তার মধ্যে ৮০ শতাংশের বেশি বার্ন নিয়ে এসেছেন ১৬ জন। আর ৯০ শতাংশ বার্ন আছে ১০ জনের বেশি রোগীর। তাদের মধ্যে শিশুও রয়েছে। রোগীদের এত বাজে অবস্থা যে সবারই শ্বাসনালি পুড়ে গেছে। তিনি বলেন, গতকাল (বুধবার) প্রধানমন্ত্রী ফোন করেছিলেন। সরকারের পক্ষ থেকে সর্বাত্মক চেষ্টা করা হচ্ছে। বাকিটা এই মুহূর্তে বলা মুশকিল। তবে রোগীদের কেউ আশঙ্কামুক্ত না। ছয়জন ইতোমধ্যে আইসিইউতে আছেন। দগ্ধ শিশুদের তথ্য জানিয়ে মন্ত্রী বলেন, শিশুদের সাধারণত ১০ শতাংশের বেশি বার্ন হলেই মেজর হয়ে যায়। সেখানে প্রায় সবারই ৩০ শতাংশের বেশি বার্ন আছে। ভর্তিদের মধ্যে সাত শিশুর বয়স ১০ বছরের মধ্যে। আর ১১ থেকে ১৮ বছরের ছয়জনসহ মোট ১৩ জন শিশু বর্তমানে চিকিৎসাধীন। (জাগো এফএম ওয়েব পেজ:১৪.০৩.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

**সমালোচনার মুখে শেষ পর্যন্ত বাণিজ্য মন্ত্রণালয় তাদের চিঠির ভাষা সংশোধন করেছে**

সমালোচনার মুখে শেষ পর্যন্ত বাণিজ্য মন্ত্রণালয় তাদের চিঠির ভাষা সংশোধন করল। নিম্নমানের খেজুরের জায়গায় সাধারণ মানের খেজুর লিখে নতুন চিঠি দেওয়া হয়েছে। এটিকে অনাকাঙ্ক্ষিত ভুল উল্লেখ করে ক্ষমাও চেয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। বৃহস্পতিবার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে মন্ত্রী এসব কথা বলেন। এর আগে গত ১১ ই মার্চ খেজুরের দাম নির্ধারণ করে চিঠি দেয় বাণিজ্য মন্ত্রণালয়। যেখানে অতি সাধারণ বা নিম্নমানের খেজুরের দাম ১৫০ থেকে ১৬৫ টাকা এবং বহুল ব্যবহৃত যায়েদি খেজুর এর দাম নির্ধারণ করা হয় ১৭০ থেকে ১৮০ টাকা। বিষয়টি নিয়ে সমালোচনা তৈরি হয় সামাজিক যোগাযোগ মাধ্যমে। অনেকে প্রশ্ন তোলেন তাহলে কি সরকারই নিম্নমানের খেজুর আমদানিতে উৎসাহিত করছে ? এরই পরিপ্রেক্ষিতে দ্রুত তা সংশোধনের উদ্যোগ নেয় মন্ত্রণালয়। আজ সংবাদ সম্মেলনে বাণিজ্য প্রতিমন্ত্রী আরও বলেছেন বাণিজ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে বাজার নিয়ন্ত্রণের চেষ্টা করা হচ্ছে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া

**বিএনপি কোন বিধ্বস্ত বা হতাশাগ্রস্ত দল নয় : হাফিজ আহমেদ**

বিএনপি কোন বিধ্বস্ত বা হতাশাগ্রস্ত দল নয়। বরং এখনো দেশের সবচেয়ে জনপ্রিয় রাজনৈতিক দল হচ্ছে বিএনপি। এমন দাবি করেছেন দলটির ভাইস চেয়ারম্যান মেজর অবসরপ্রাপ্ত হাফিজ উদ্দিন আহমেদ। তিনি বলেছেন বাংলাদেশ এখন পুলিশি রাষ্ট্র। এখানে জনগণের আর কোন ক্ষমতা বা অধিকার নেই। বৃহস্পতিবার সকালে রাজধানীর নয়াপল্টনে বিএনপির স্বাধীনতা উদযাপন পরিষদ কমিটির প্রথম বৈঠক শেষে এসব কথা বলেন হাফিজ উদ্দিন। বিএনপির এই নেতা আরো বলেন মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃত করে ফেলা হয়েছে। মনের মাধুরী মিশিয়ে কবিতা ও গদ্য রচনার মত প্রতিদিন ইতিহাস লেখা হচ্ছে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**যৌন হয়রানির অভিযোগে কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষক স্থায়ীভাবে বরখাস্ত**

ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের যৌন হয়রানীর অভিযোগে মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগের এক শিক্ষককে স্থায়ী বরখাস্ত করা হয়েছে। একই সঙ্গে বিভাগীয় প্রধানকে সাময়িক দরখাস্ত করা হয়েছে। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের জরুরি সিন্ডিকেট সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সিন্ডিকেটের সভা শেষে দুপুরে প্রশাসনিক ভবনের সামনে আন্দোলনকারী শিক্ষার্থীদের ঐ দুই শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার কথা জানান রেজিস্টার হুমায়ুন কবীর। তিনি বলেন, সিন্ডিকেট সভার সিদ্ধান্ত অনুযায়ী যৌন হয়রানির অভিযোগে মানবসম্পদ

ব্যবস্থাপনা বিভাগের সহকারি অধ্যাপক সাজন সাহাকে স্থায়ীভাবে বরখাস্ত এবং বিভাগীয় প্রধান সহযোগী অধ্যাপক রেজওয়ান আহমেদকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**এক্সিম ব্যাংকের সঙ্গে একীভূত হচ্ছে চতুর্থ প্রজন্মের পদ্মা ব্যাংক**

শরিয়াহভিত্তিক বেসরকারি বাণিজ্যিক ব্যাংক এক্সিম ব্যাংকের সঙ্গে একীভূত হচ্ছে চতুর্থ প্রজন্মের পদ্মা ব্যাংক। বৃহস্পতিবার এক্সিম ব্যাংকের পরিচালনা পর্ষদের সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত গৃহীত হয়। দুর্বল ব্যাংক একিভূত করতে বাংলাদেশ ব্যাংক এর সাম্প্রতিক উদ্যোগের পর দুটি ব্যাংকের একীভূত হওয়ার এটি প্রথম সিদ্ধান্ত। বিষয়টি নিশ্চিত করে এক্সিম ব্যাংকের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদার গণমাধ্যমকে জানিয়েছেন কীভাবে একীভুত করতে কার্যক্রম সম্পন্ন করতে হবে তা বাংলাদেশ ব্যাংকের নীতিমালা পরামর্শক্রমে দুই ব্যাংকের আইনজীবীরা মিলে ঠিক করবেন। এজন্য আগামী সপ্তাহে একটি সমঝোতা চুক্তি হওয়ার কথা রয়েছে। ঐ চুক্তির পর একীভূত কার্যক্রমের বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**গাজীপুরে গ্যাস বিস্ফোরণের ঘটনায় ৩৫ জনের কেউই শঙ্কামুক্ত নয় : স্বাস্থ্যমন্ত্রী**

গাজীপুরের কালিয়াকৈর উপজেলার তেরেরিজালালা এলাকায় একটি বাসায় গ্যাস বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এতে দগ্ধ হয়েছেন ৩৫ জন। দগ্ধদের মধ্যে শিশুসহ হাসপাতালে ভর্তি হওয়া ৩৫ জনের কেউই শঙ্কামুক্ত নয় বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডাক্তার সামন্ত লাল সেন। বুধবার রাতে শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে দগ্ধদের শারীরিক অবস্থা পর্যবেক্ষণ শেষে এ তথ্য জানান স্বাস্থ্যমন্ত্রী। হাসপাতালে ভর্তি হওয়া আটজনের শরীরে ৯০% শতাংশ পুড়ে গেছে। তাদেরকে আইসিইউতে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। এখন পর্যন্ত বিস্ফোরণে ৪০ জন দগ্ধ হয়েছেন বলে খবর পাওয়া গেছে। (রেডিও টুডে: ৮৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**বিএনপি চেয়ারপারসনকে এভারকেয়ার হাসপাতালের সিসিইউতে ভর্তি করা হয়েছে**

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালের করোনারি ইউনিটে সিসিইউতে ভর্তি করা হয়েছে। বুধবার রাতে তাকে ভর্তি করা হয়। এর আগে বুধবার সন্ধ্যায় খালেদা জিয়াকে স্বাস্থ্য পরীক্ষার জন্য হাসপাতালে নেওয়া হয় পরে মেডিকেল বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী সিসিইউতে ভর্তি করা হয় খালেদা জিয়াকে। (রেডিও টুডে: ৮৪৫ ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**জামালপুর থেকে ছেড়ে আসা বিজয় এক্সপ্রেস ট্রেনে পাথর নিক্ষেপের ঘটনা ঘটেছে**

জামালপুর থেকে ছেড়ে আসা বিজয় এক্সপ্রেস ট্রেনের পাথর নিক্ষেপের ঘটনা ঘটেছে। এ ঘটনায় গুরুতর আহত হয়েছেন ট্রেনের চালক আতিকুল ইসলাম। তাকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বুধবার রাত সাড়ে ১১ টার দিকে গৌরীপুর থেকে ঈশ্বরগঞ্জের মাঝামাঝি বোকাই নগর এলাকায় একটি সেতুর কাছে এই ঘটনা ঘটে। (রেডিও টুডে: ৮৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**পাটের বহুমুখী বাজার খুঁজে বের করার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

পাটের বহুমুখী বাজার খুঁজে বের করার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, রপ্তানির ক্ষেত্রে সম্ভাবনার দুয়ার খুলে দেবে পাটের বহুমুখী পণ্য। আজ বৃহস্পতিবার সকালে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় পাট দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানের শুরুতে পাটের বহুমুখী ব্যবহার পাট শিল্পের উন্নয়নের জন্য ১১ জন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে পদক তুলে দেন প্রধানমন্ত্রী। শেখ হাসিনা বলেন পাটের মাধ্যমে নতুন কী কী বিষয় আবিষ্কার করা যায় বা উৎপাদন করা যায় সেই গবেষণা অব্যাহত রাখতে হবে। পাট জাত পণ্য বিদেশীদের কাছে কদর বাড়াতে প্রচার-প্রচারণা করতে হবে। পাটের তৈরি পোশাকে ক্ষতিকর কোন কিছু যাতে না থাকে সেদিকে নজর দেয়ার আহ্বান জানান তিনি। তিনি বলেন, পাট এমন একটি পণ্য যার চাহিদা শেষ হবার কথা নয়। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**বিএনপি সিন্ডিকেট করে সরকারকে বিব্রত করার চেষ্টা করছে : ওবায়দুল কাদের**

আন্দোলন নির্বাচনে ব্যর্থ হয়ে বিএনপি সিন্ডিকেট করে সরকারকে বিব্রত করার চেষ্টা করতে পারে এমন আশঙ্কা প্রকাশ করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। বৃহস্পতিবার রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে সমসাময়িক বিষয়ে ব্রিফিংয়ে এ আশঙ্কা প্রকাশ করেন তিনি। ওবায়দুল কাদের বলেন, কোন দেশে এখনো দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে নেই। সবাই চেষ্টা করছে আমাদের সরকারও সক্রিয়ভাবে কাজ করে যাচ্ছে। এছাড়া মজুত করে যারা পণ্যের দাম বাড়াচ্ছে এবং তাদের সাথে বিএনপি উস্কানি দিচ্ছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে বলে জানান আওয়ামী লীগ সাধারণ সম্পাদক।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**বাণিজ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে বাজার নিয়ন্ত্রণ করার চেষ্টা করা হচ্ছে : বাণিজ্য প্রতিমন্ত্রী**

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু বলেছেন, বাণিজ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে বাজার নিয়ন্ত্রণ করার চেষ্টা করা হচ্ছে এই চেষ্টা অব্যাহত থাকবে। বৃহস্পতিবার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, দাম নিয়ন্ত্রণে আমরা যেসব উদ্যোগ নিচ্ছি সেটার সঙ্গে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কাজ করছে। এ

সময় তিনি কাঁচা বাজারে বিক্রেতাদের দ্বারা হয়রানির শিকার না হয়ে বরং সুপারশপ দিয়ে নির্ধারিত মূল্যে বক্তাদের পণ্য কেনার পরামর্শ দেন। ভোক্তাদের পরামর্শ দেন যেখানে কম দামে পণ্য পাওয়া যায় সেখান থেকে পণ্য কিনতে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**ঢাকার গাবতলীতে পিকআপের ধাক্কায় এক নারী পরিচ্ছন্নতা কর্মীর মৃত্যু হয়েছে**

ঢাকার গাবতলীতে পিকআপের ধাক্কায় ঢাকা উত্তর সিটি করপোরেশনের এক নারী পরিছন্নতা কর্মীর মৃত্যু হয়েছে। এ ঘটনার পর সাড়ে তিন ঘণ্টা সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখিয়েছেন তার সহকর্মীরা। আজ বৃহস্পতিবার ভোরে গাবতলী বাস টার্মিনালের প্রায় ১৫০ মিটার দক্ষিণে গাবতলী দিপনগর সড়কে এই দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনার পর পরই সিটি করপোরেশনের শত শত পরিছন্নতা কর্মী ঢাকা-আরিচা মহাসড়কে অবস্থান নিলে যান চলাচল বন্ধ হয়ে যায়। ফলে রাস্তার উভয় পাশে গাড়ির দীর্ঘজট সৃষ্টি হয়। পুলিশের মিরপুর বিভাগের উর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা করেন। এই পরিস্থিতিতে বিশৃঙ্খলা এড়াতে গাবতলী তিন রাস্তায় বাড়তি দুই প্লাটুন পুলিশ মোতায়েন করা হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহর পিছু নিয়েছে ইইউ এর একটি যুদ্ধ জাহাজ**

ইউরোপীয় ইউনিয়নের মেরিটাইম সিকিউরিটি ফোর্সের একটি যুদ্ধ জাহাজ ভারত মহাসাগরে সোমালিয়ান জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশে জাহাজ এমভি আব্দুল্লাহ এর পিছু নিয়েছে বলে জানা যাচ্ছে। ভারত মহাসাগরে জলদস্যুদের উৎপাতে এবং প্রতিহত করতে কাজ করে ইউরোপীয়ন ইউনিয়নের অপারেশন আটলান্টা। ইইউ এক বিবৃতিতে জানিয়েছে এর অন্তর্ভুক্ত একটি জাহাজই এমভি আব্দুল্লাহকে ছায়ার মত অনুসরণ করছে। মার্কিন সংবাদমাধ্যম এবিসি নিউজের এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। জাহাজের ২৩ নাবিককে জিম্মি করেছে জলদস্যুরা এ কথা জানিয়ে বিবৃতিতে বলা হয়েছে জিম্মিরা নিরাপদে আছে এখন সোমালিয়ার তীরের দিকে যাচ্ছে জাহাজটি।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**জিম্মি জাহাজটি সোমালিয়ার উপকূলের নোঙর করেছে : নৌ পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক**

জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশে জাহাজ এমভি আব্দুল্লাহ সোমালিয়ার উপকূলের নোঙর করেছে বলে জানিয়েছেন নৌ পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক কমডোর মো. মাকসুদ আলম। বৃহস্পতিবার সকালে অপহরণ হওয়া জাহাজটির উদ্ধার প্রক্রিয়া নিয়ে বিভিন্ন সরকারি দপ্তরের প্রধান এবং মার্চেন্ট মালিক এবং অফিসার্স অ্যাসোসিয়েশনের একসঙ্গে পররাষ্ট্র মন্ত্রণালয়ে বৈঠক করেন। বৈঠক শেষে মো. মাকসুদ আলম সংবাদমাধ্যমকে জানান সোমালিয়া উপকূলের নোঙর করেছে জাহাজটি। যেহেতু এখন জাহাজটি সোমালিয়া উপকূলে নোঙর করেছে আমরা আশা করছি কোন না কোন সময় অপহরণকারীরা জাহাজের মালিক পক্ষের সঙ্গে যোগাযোগ করবে। তারপরই আমরা কৌশল ঠিক করব কীভাবে আলোচনায় যাবে। এখন আমরা চিন্তা করছি জাহাজে যারা অবস্থান করছে তারা এবং জাহাজটি যেন নিরাপদে থাকে সে বিষয়টি নিয়ে। গত ৪ঠা মার্চে বাংলাদেশের এস আর শিপিং এর জাহাজটি মোজাম্বিকের মাপুত দ্বীপের দিকে কয়লা নিয়ে সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ের দিকে রওনা দেয়। এরপরই গত মঙ্গলবার দেড়টার দিকে খবর আসে ভারত মহাসাগরে জাহাজটির ছিনতাই হয়েছে। জাহাজটি ছাড়িয়ে আনতে কাজ শুরু করেছে এসআর শিপিং এজন্য সরকার ও আন্তর্জাতিক মেরিটাইম অর্গানাইজেশনের মাধ্যমে যোগাযোগের চেষ্টা চলছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**স্বাস্থ্য পরীক্ষা শেষে যুক্তরাজ্য থেকে দেশে ফিরেছেন রাষ্ট্রপতি**

স্বাস্থ্য পরীক্ষা শেষে যুক্তরাজ্য থেকে দেশে ফিরেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। বৃহস্পতিবার সকাল আটটায় রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী এমিরেটস এয়ারলাইন্সের একটি বাণিজ্যিক বিমান রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছায়। এর আগে গত ৩রা মার্চ রাষ্ট্রপতি এমিরেটস এয়ারলাইন্সের একটি নিয়মিত বিমানে আরব আমিরাতে স্বাস্থ্য পরীক্ষার জন্য ঢাকা ত্যাগ করেন। আমিরাত থেকে রাষ্ট্রপতি মেডিকেল চেকআপের অংশ হিসেবে পাঁচই মার্চ লন্ডনে পৌঁছান। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**গাজীপুরে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণের ঘটনার ৩২ জনের কেউই শঙ্কামুক্ত নয়**

গাজীপুরের কালিয়াকৈরে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণের ঘটনায় দগ্ধ ৩২ জনের কেউই শঙ্কামুক্ত নয় বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডক্টর সামন্ত লাল সেন। ভর্তি রোগীদের অন্তত ১৬ জনের শতকরা ৮০ শতাংশ বার্ন রয়েছে বলে জানান তিনি। তাদের মধ্যে ৬ জন নিবিড় পরিচর্যা কেন্দ্র আইসিইউতে আছেন। বৃহস্পতিবার বেলা সোয়া ১১ টায় শেখ হাসিনা তাকে বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে আয়োজিত সংবাদ সম্মেলনের স্বাস্থ্যমন্ত্রী এসব কথা জানান।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**আবহাওয়া অধিদপ্তর আজ ঝড়-বৃষ্টির বার্তা দিয়েছে**

রাজধানীতে আজ সকাল থেকে মেঘলা আকাশ এরই মধ্যে আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে ঝড়-বৃষ্টির বার্তা। বৃহস্পতিবার দেশের তিনটি অঞ্চলের মধ্যে দিয়ে ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে ঝড় বেয়ে যেতে পারে বলে আভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। পূর্বাভাসে বলা হয়েছে যশোর কুষ্টিয়া এবং সিলেট অঞ্চলের উপর দিয়ে পশ্চিম

উত্তর-পশ্চিম দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কিলোমিটার বেগে অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়াসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এ সময় এসব এলাকার নদীবন্দরগুলোকে এক নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। আজ সন্ধ্যা ৬টা পর্যন্ত অভ্যন্তরীণ নদীবন্দরগুলোর জন্য দেয়া আবহাওয়ার পূর্বাভাসে এসব তথ্য জানানো হয়েছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**সোমালিয়া জলদস্যুদের কবলে পড়া জাহাজের নাবিকরা সুস্থ আছে বলে জানিয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়**

ভারত মহাসাগরের সোমালিয়অ জলদস্যুদের কবলে পড়া বাংলাদেশের পতাকাবাহী জাহাজ এমভি আব্দুল্লাহর ২৩ বাংলাদেশি নাবিক সুস্থ আছে বলে জানিয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব রিয়াল এডমিরাল অবসরপ্রাপ্ত মোহাম্মদ খোরশেদ আলম। তিনি বলেন, জলদস্যুদের প্রায় ৬০ জন জাহাজে অবস্থান নিয়েছে। জিম্মিদের মুক্ত করার বিষয়ে আজ বৃহস্পতিবার সেগুনবাগিচায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক আন্তঃমন্ত্রণালয় বৈঠক হয়। বৈঠকে সভাপতিত্ব করেন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব। বৈঠক শেষে তিনি সাংবাদিকদের সঙ্গে এসব কথা বলেন। এক প্রশ্নের জবাবে খোরশেদ আলম বলেন, নাবিকসহ জাহাজ ফেরত আনাই আমাদের প্রথম লক্ষ্য এবং সেই লক্ষ্য থেকে আমরা বিচ্যুত হব না। জলদস্যুরা মুক্তিপণ চেয়েছে কি না সেই বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, গণমাধ্যমে মুক্তিপণ প্রকাশিত হয়ে থাকলে তা কল্পিত। আমাদের কাছে এখনো তারা কোন মুক্তিপণ চায়নি মুক্তিপণের ব্যাপারে কোন যোগাযোগ করেনি।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

**হাতিরপুল কাঁচাবাজারে ছয় তলা একটি ভবনে আগুন লেগেছে**

রাজধানীর হাতিরপুল কাঁচাবাজারে ছয় তলা একটি ভবনে আগুন লেগেছে। ইতোমধ্যে ভবনটির ছাদ থেকে চারজনকে জীবিত উদ্ধার করা হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় এই ঘটনা ঘটে। খবর পেয়ে বহুতল ভবনটিতে লাগা আগুন নিয়ন্ত্রণে আসে ফায়ার সার্ভিসের সাতটি ইউনিট। তবে তাৎক্ষণিকভাবে আগুন লাগার কারণ জানা যায়নি। সন্ধ্যা সাড়ে সাতটার দিকে আগুনের তীব্রতা কিছুটা কমলেও পুরোপুরি নিয়ন্ত্রণে আসেনি। ভবনের ভেতর থেকে এখনো ধোঁয়া বের হচ্ছে। ফায়ার সার্ভিস জানায় সন্ধ্যা ৬:১৩ মিনিটের দিকে আগুনের খবর পেয়ে প্রথমে চারটি ইউনিট ঘটনাস্থলে যায় পরে আরো তিনটি ইউনিট আগুন নেভানোর কাজে যোগ দেয়। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১৪.০৩.২০২৪ রুবাইয়া)

# BBC

**US HOUSE PASSES BILL THAT COULD BAN TIKTOK NATIONWIDE**

The US House of Representatives has passed a landmark bill that could see TikTok banned in America. It would give the social media giant's Chinese parent company, ByteDance, six months to sell its controlling stake or the app would be blocked in the US. While the bill passed overwhelmingly in a bipartisan vote, it still needs to clear the Senate and be signed by the president to become law. Lawmakers have long held concerns about China's influence over TikTok. (BBC Web Page: 14/03/24, FARUK)

**MAN KILLED IN AUSTRALIA GOLD MINE COLLAPSE**

A man has been killed and another critically injured following a gold mine collapse in Australia. The pair were hit by falling rocks 500m underground at the site in Ballarat, near Melbourne, on Wednesday afternoon local time. Another 29 miners took refuge in a nearby safety pod and the injured man was evacuated almost four hours later. A trade union has sharply criticized the incident, which will be investigated by a workplace regulator.
(BBC Web Page: 14/03/24, FARUK)

**DUTCH ANTI-ISLAM POPULIST WILDERS ABANDONS PM BID**

Dutch anti-Islam populist leader Geert Wilders has abandoned his bid to become prime minister, despite his party's dramatic victory in the 2023 elections. "I can only become prime minister of ALL parties in the coalition support it. That was not the case," he wrote on X, formerly known as twitter. His Freedom Party (PVV) won the most votes last year - but needed support of other parties to form a coalition. Talks with three other parties over the shape of a new government are ongoing. The negotiator leading the latest round of talks, which concluded on Tuesday, is due to share his report with parliament on Thursday.
(BBC Web Page: 14/03/24, FARUK)

**DENMARK TO START CONSCRIPTING WOMEN FOR FIRST TIME**

Denmark has announced plans to extend military conscription to women for the first time and increase the standard service time. It also wants to boost its defence budget by nearly $6bn in the next five years to meet NATO targets. "We do not rearm because we want war. We are rearming because we want to avoid it," said PM Metter Frederiksen. Tensions in Europe have spiked since Russia's full-scale invasion of Ukraine in February 2022. Women in the Scandinavian country can already volunteer for military service.
(BBC Web Page: 14/03/24, FARUK)

**UN AGENCY SAYS GAZA AID CENTRE HIT BY ISRAELI FORCES**

The UN agency for Palestinian refugees says a member of staff was killed and 22 others were injured when Israeli forces hit a food distribution centre in Rafah, in the southern Gaza Strip. UNRWA chief Philippe Lazzarini said attacks on its facilities had "become commonplace in blatant disregard to International humanitarian law". The Hamas-run health ministry said an Israeli air strike killed five people. The Israeli military said it killed a Hamas commander in a precise strike. (BBC Web Page: 14/03/24, FARUK)

**ZUMA - THE POLITICAL WILDCARD IN SOUTH AFRICA'S POLL**

Despite being a disgraced former president who was sent to jail, Jacob Zuma is turning out to be the political wildcard in South Africa's election campaign. This follows his dramatic decision to ditch the governing African National Congress (ANC) for the newly formed party uMkhonto we Size, meaning Spear of the Nation. The 81-year-old is leading its campaign in the 29 May general election, urging people to turn their backs on the ANC led by his successor, President Cyril Ramaphosa. (BBC Web Page: 14/03/24, FARUK)

**ISRAEL SAYS IT IS TRYING TO 'FLOOD' GAZA WITH AID**

Israel's military says it is trying to "flood" Gaza with aid as international pressure to address the territory's humanitarian crisis grows. Rear Adm Daniel Hagari said Israel would facilitate further aid convoys, after a new land route opened up to deliver food to northern Gaza. The UN has warned that Gaza, under Israeli attack since the war with Hamas began in October, is at risk of famine. Brussels says starvation is being used as a weapon of war in the territory. EU foreign policy Chief Josep Borrell said earlier that land routes had been deliberately closed off to prevent the delivery of aid. (BBC Web Page: 14/03/24, FARUK)

**RUSSIAN SCHOOLBOOK URGES TEENS TO FIGHT IN UKRAINE**

A new Russian school textbook has been produced that distorts the history of the war against Ukraine and encourages students to join the army. It has been designed for a new subject entitled "Fundamentals of Security and Defence of the Motherland". The lesson is compulsory for high school students aged 15 to 18 in Russia and occupied territories in Ukraine. It will be taught once a week from September, replacing a lesson known as "Fundamentals of Safe Living". Former soldiers are expected to teach the new subject and Russians with a degree in pedagogy - the method and practice of teaching - who return from the war are already being offered free retraining courses to become teachers.
(BBC Web Page: 14/03/24, FARUK)

**JAPAN COURTS AGAIN SAY SAME-SEX MARRIAGE BAN IS ILLEGAL**

Two more rulings in Japanese district courts have added weight to the push for same-sex marriage to be legalized. This week, courts in Tokyo and Sapporo ruled the nation's current ban was "unconstitutional", in line with previous landmark verdicts. The rulings in separate cases found that the ban breached citizen’s rights. Even as they welcomed the verdicts, activists warned that the historic step of legalizing same-sex unions would still need to come from lawmakers. (BBC Web Page: 14/03/24, FARUK)

**FEAR AND CHAOS AWAIT HAITIAN MIGRANTS FORCED BACK OVER BORDER**

At the Dajabon border crossing between the Dominican Republic and Haiti, a constant stream of trucks pulls up carrying undocumented Haitian migrants, who are being deported back to Haiti. They are being sent to a nation in the grip of its most acute humanitarian crisis since the devastating earthquake in 2010, which killed hundreds of thousands. Haiti's already precarious situation has quickly deteriorated over the past weeks as gangs have launched coordinated attacks on key facilities to force the resignation of the country's prime minister. In total, more than 3,50,000 people have been internally displaced in Haiti - more than 15,000 of them in the last fortnight. (BBC Web Page: 14/03/24, FARUK)

# :: The End ::